আল কুরআন

অনন্ত করুণাময় পরম দয়ালু আল্লাহর নামে আরম্ভ করছি

অতঃপর যখন তাকে প্রসব করলো বলল, হে আমার পালনকর্তা! আমি একে কন্যা প্রসব করেছি। বস্তুতঃ কি সে প্রসব করেছে আল্লাহ তা ভালই জানেন।

সূরা আল ইমরান ৩৬

দৈনিক কীর্তনখোলা

আত্মপ্রত্যয়ী প্রতিদিন

বরিশাল ॥ বুধবার ॥ ০১ জুলাই ২০২৬ ॥ ১৬ মহররম ১৪৪৮ ॥ ১৬ আষাঢ় ১৪৩৩ ॥ ৯ম বর্ষ ॥ ৩০ সংখ্যা ॥ ৪ পৃষ্ঠা ॥ ৫ টাকা

সংসদে ২০২৬-২৭ অর্থবছরের বাজেট পাস

কীর্তনখোলা ডেস্ক

জাতীয় সংসদে ২০২৬-২৭ অর্থবছরের ৯ লাখ ৩৮ হাজার কোটি টাকার বাজেট পাস হয়েছে। যা বুধবার (১ জুলাই) থেকে ২ এর পাতায় দেখুন

পররাষ্ট্রের বাজেট ছাঁটাই হলে দূতাবাস বন্ধ করে দিতে হবে

কীর্তনখোলা ডেস্ক

পররাষ্ট্র মন্ত্রণালয়ের বাজেটের ক্ষেত্রে বিরোধী দলের ছাঁটাই প্রস্তাব পাস হলে বিশ্বের বিভিন্ন দেশে বাংলাদেশের দূতাবাস ২ এর পাতায় দেখুন

আগামী অর্থবছরে ইবতেদায়ি মাদ্রাসা এমপিওভুক্ত করা হবে: শিক্ষামন্ত্রী

কীর্তনখোলা ডেস্ক

আগামী অর্থবছরে (২০২৭-২৮) ইবতেদায়ি মাদ্রাসা এমপিওভুক্ত করার প্রক্রিয়া শুরু হবে বলে জানিয়েছেন শিক্ষা এবং ২ এর পাতায় দেখুন

শেখ হাসিনার যে দায়, হাসানুল হক ইনুরও একই দায়: চিফ প্রসিকিউটর

কীর্তনখোলা ডেস্ক

শেখ হাসিনার যে দায়, হাসানুল হক ইনুরও একই দায়ে। তাই শেখ হাসিনার যদি মৃত্যুদণ্ড হয়, তবে হাসানুল ২ এর পাতায় দেখুন

অনলাইন জুয়ায় ৭ বছর জেল ৫ কোটি টাকা জরিমানা

কীর্তনখোলা ডেস্ক

দেশে জুয়া প্রতিরোধে প্রায় দেড়শ বছরের পুরোনো 'দ্য পাবলিক গ্যাম্বলিং অ্যাক্ট, ১৮৬৭' রহিত করা হয়েছে। পুরোনো আইনের পরিবর্তে জাতীয় 'জুয়া প্রতিরোধ আইন, ২০২৬' পাস হয়েছে। আইনে জুয়া, অনলাইন জুয়া, দূরবর্তী জুয়া, বেটিং (বাজি বা পণ), বাজিকর (বুক-মেকার), ম্যাচ ফিক্সিং, স্পট ফিক্সিং, ডিজিটাল গ্যাম্বলিং প্ল্যাটফর্ম, ডিজিটাল ওয়ালেট, ক্রিপ্টোকারেন্সি, ভুয়া সিম, ঘোস্ট সিম, ভুয়া এমএফএস অ্যাকাউন্ট, মিরর সাইট, ভিপিএনসহ মোট ২৪ ধরনের বিষয়কে সংজ্ঞায়িত করা হয়েছে। বিলে সর্বোচ্চ সাত বছর জেল ও পাঁচ কোটি টাকা অর্থদণ্ডের বিধান রাখা হয়েছে। মঙ্গলবার (৩০ জুন) জাতীয় সংসদে স্পিকার হাফিজ উদ্দিন আহমদের সভাপতিত্বে বিলটি উত্থাপন করেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। পাস ২ এর পাতায় দেখুন

মানবতাবিরোধী অপরাধের মামলায় ইনুর ১০ বছরের কারাদণ্ড

কীর্তনখোলা ডেস্ক

জুলাই গণঅভ্যুত্থানের সময় কুষ্টিয়ায় ছয়জনকে হত্যাসহ মানবতাবিরোধী অপরাধের মামলায় সাবেক তথ্যমন্ত্রী ও জাতীয় সমাজতান্ত্রিক দলের (জাসদ) সভাপতি হাসানুল হক ইনুকে ১০ বছরের কারাদণ্ড দিয়েছেন আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল-২। মঙ্গলবার (৩০ জুন) দুপুরে ট্রাইব্যুনাল-২ এর চেয়ারম্যান বিচারপতি নজরুল ইসলাম চৌধুরীর নেতৃত্বাধীন তিন সদস্যের বিচারিক প্যানেল এই রায় ঘোষণা করেন। প্যানেলের অন্য দুই সদস্য হলেন অবসরপ্রাপ্ত জেলা ও দায়রা জজ মো. মঞ্জুরুল বাছিদ এবং জেলা ও দায়রা জজ নূর মোহাম্মদ শাহরিয়ার কবীর। মামলার একমাত্র আসামি ইনুর বিরুদ্ধে মোট আটটি অভিযোগ এনেছিল ট্রাইব্যুনালের প্রসিকিউশন। এর মধ্যে তিনটি অভিযোগে তাকে দোষী সাব্যস্ত করা হয়। এগুলো প্রমাণিত হওয়ায় তাকে ১০ বছর করে ৩০ বছরের কারাদণ্ড দেওয়া হয়। তবে তাকে একসঙ্গে ১০ বছর সাজা খাটতে হবে। আর অপরাধের সংশ্লিষ্টতা প্রমাণিত না হওয়ায় ২ এর পাতায় দেখুন

বরিশাল বিএম কলেজ

শিক্ষার্থীর ওপর হামলার প্রতিবাদে সড়ক অবরোধ ও বিক্ষোভ

কীর্তনখোলা রিপোর্ট

বরিশাল বিএম কলেজের এক শিক্ষার্থীর ওপর হামলার ঘটনায় জড়িতদের বিচার দাবিতে সড়ক অবরোধ ও বিক্ষোভ করেছেন সাধারণ শিক্ষার্থীরা। মঙ্গলবার (৩০ জুন) বেলা ১২টায় বিএম কলেজের মসজিদ গেটের সামনের মূল সড়ক অবরোধ ও প্রশাসনিক ভবনের সামনে বিক্ষোভ কর্মসূচি পালন করেন তারা। সড়ক অবরোধের কারণে প্রায় আধা ঘণ্টাব্যাপী বিএম কলেজ সড়কে যানবাহন চলাচল বন্ধ হয়ে যায়। পরে তারা সড়ক ছেড়ে কলেজের প্রশাসনিক ভবনের সামনে অবস্থান নিয়ে ঘণ্টাব্যাপী বিক্ষোভ করে। আন্দোলনে অংশ নেওয়া সুজন, অনিকসহ সাধারণ শিক্ষার্থীরা অভিযোগ করেন, সোমবার (২৯ জুন) দুপুরে রিকশাযোগে যাওয়ার নগরীর নতুন বাজার এলাকায় বিএম কলেজের গণিত বিভাগের শিক্ষার্থী আব্দুল্লাহর ওপর হামলা করে নিষিদ্ধ ছাত্রলীগের কর্মীরা। পরে আহত অবস্থায় আব্দুল্লাহকে বরিশাল শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়। এ ঘটনার বিচার দাবি জানিয়ে মঙ্গলবার বেলা ১১টার দিকে গণিত ২ এর পাতায় দেখুন

এইচএসসি পরীক্ষা শুরু কাল, পরীক্ষার্থী ১২ লাখ ৬৭ হাজার

কীর্তনখোলা ডেস্ক

চলতি বছরের উচ্চ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এইচএসসি) ও সমমান পরীক্ষা শুরু হচ্ছে কাল বৃহস্পতিবার (২ জুলাই)। প্রথম দিনে দেশের ৯টি সাধারণ শিক্ষা বোর্ডে বাংলা প্রথমপত্র পরীক্ষা অনুষ্ঠিত হবে। একই দিনে মাদ্রাসা শিক্ষা বোর্ডের অধীনে আলিমে কোরআন মাজিদ ও কারিগরি শিক্ষা বোর্ডে এইচএসসির (বিএমটি) বাংলা-২ বিষয়ের পরীক্ষা নেওয়া হবে। সব বোর্ডে সকাল ১০টা থেকে পরীক্ষা শুরু হয়ে চলবে দুপুর ১টা পর্যন্ত। তবে পরীক্ষার্থীদের অবশ্যই ৩০ মিনিট আগেই কেন্দ্রে প্রবেশ করতে হবে। এ বছর নিয়মিত ও অনিয়মিত মিলিয়ে ১১টি শিক্ষা বোর্ডে পরীক্ষায় অংশ নিতে ফরম পূরণ করেছেন ১২ লাখ ৬৭ হাজার ৪৮৬ জন পরীক্ষার্থী। সারা দেশের দুই হাজার ৬৯৭টি পরীক্ষা কেন্দ্রে তাদের পরীক্ষায় অংশ নেওয়ার কথা রয়েছে। বোর্ডভিত্তিক হিসেবে সবচেয়ে বেশি পরীক্ষার্থী ঢাকা বোর্ডে। এ বোর্ডে ৩১০টি কেন্দ্রে এইচএসসি পরীক্ষা দেবেন তিন লাখ ৩৯৩ জন। রাজশাহী বোর্ডে ২০৮টি কেন্দ্রে ২ এর পাতায় দেখুন

এক পাগলা কুকুরে দুমকিজুড়ে আতঙ্ক, শিশুসহ আহত ১০

দুমকি প্রতিনিধি

পটুয়াখালীর দুমকিতে একটি পাগলা কুকুরের কামড়ে শিশুসহ অন্তত ১০ জন আহত হয়েছেন। মঙ্গলবার (৩০ জুন) সকাল থেকে উপজেলার বিভিন্ন এলাকায় ওই কুকুর পথচারী ও শিশুদের কামড় দেয়। আহতদের দুমকি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে প্রাথমিক ২ এর পাতায় দেখুন

দেশে বছরে প্রায় ৪০ হাজার মানুষের কিডনি বিকল হচ্ছে

কীর্তনখোলা ডেস্ক

উন্নত বিশ্বে প্রায় ৭০ শতাংশ কিডনি প্রতিস্থাপনই সম্পন্ন হয় মরণোত্তর কিডনি দাতার (ক্যাডাভেরিক) মাধ্যমে। তবে আইনি জটিলতা এবং সচেতনতার অভাবে বাংলাদেশে এখনো এই মরণোত্তর অঙ্গদান কার্যক্রম কাঙ্ক্ষিত গতি পায়নি। ফলে দেশে প্রতি বছর হাজার হাজার মানুষ কিডনি বিকল হয়ে মারা যাচ্ছেন। জাতীয় প্রেসক্লাবে 'ষষ্ঠ বাংলাদেশ কোরিয়া ফ্রেন্ডশিপ কনফারেন্স' উপলক্ষে আয়োজিত এক সেমিনারে এসব তথ্য জানান বিশেষজ্ঞ চিকিৎসকরা। বাংলাদেশ কিডনি ফাউন্ডেশন 'জীবন্ত এবং মৃত দাতার কিডনি প্রতিস্থাপন, ২০২৬' শীর্ষক এই সেমিনারের আয়োজন করে। সভায় উপস্থিত ছিলেন কিডনি ফাউন্ডেশনের সভাপতি ২ এর পাতায় দেখুন

আজ বন্ধ থাকবে দেশের সব তেলের ডিপো

কীর্তনখোলা ডেস্ক

দেশের সব তেলের ডিপো এবং প্রধান স্থাপনা থেকে জ্বালানি তেল সরবরাহ ও বিপণন কার্যক্রম বন্ধ থাকবে বলে জানিয়েছে বাংলাদেশ পেট্রোলিয়াম করপোরেশন (বিপিসি)। বিপিসির বণ্টন ও পরিবীক্ষণ অধিশাখার মহাব্যবস্থাপক (ব. ও বিপ.) ফেরদৌসী মাসুম হিমেল স্বাক্ষরিত এক অফিস আদেশে এ তথ্য জানানো হয়েছে। এতে বলা হয়, বিপিসির আওতাধীন বিভিন্ন কোম্পানির প্রধান স্থাপনা ও ডিপোসমূহে জ্বালানি তেলের বার্ষিক সমাপনী মজুদ গণনা ও বাস্তব যাচাই কার্যক্রম বুধবার (১ জুলাই) পরিচালিত হবে। এ লক্ষ্যে ওই দিন চট্টগ্রামস্থ প্রধান স্থাপনাসহ দেশের সব ডিপো ও স্থাপনার বিপণন কার্যক্রম বন্ধ রাখার বিষয়ে কর্তৃপক্ষের নির্দেশনা রয়েছে। এ সময়ে বিমান ২ এর পাতায় দেখুন

আগৈলঝাড়ায় ব্রিজে রডের পরিবর্তে বাঁশ, ভেঙে দিল প্রশাসন

আগৈলঝাড়া প্রতিনিধি

বরিশালের আগৈলঝাড়া উপজেলার রত্নপুর ইউনিয়নে রডের পরিবর্তে বাঁশের কঞ্চি ব্যবহার করে ঢালাই দেওয়া হয়েছে একটি আয়রন ব্রিজ। এ সংবাদ বিভিন্ন গণমাধ্যমে প্রকাশের পর সোমবার বিকেলে ব্রিজটি ভেঙে দিয়েছে উপজেলা প্রশাসন। এ সময় উপজেলা নির্বাহী কর্মকর্তা লিখন বণিক ও উপজেলা প্রকৌশলী রবীন্দ্র চক্রবর্তী উপস্থিত ছিলেন। স্থানীয় সূত্রে জানা গেছে, উপজেলার রত্নপুর ইউনিয়নের দুশমী-করিমবাজার খালের ওপর বারপাইকা গ্রামের রুহুল হোসেনের বাড়ির সামনে বাগধা ইউনিয়ন পরিষদের অর্থায়নে ব্রিজটি নির্মাণ করা হয়। ব্রিজটির দৈর্ঘ্য ৪৫ ফুট এবং প্রস্থ সাড়ে পাঁচ ফুট। স্থানীয়দের অভিযোগ, সরকারি নিয়ম অনুযায়ী ব্রিজের ঢালাই ৫ ইঞ্চি হওয়ার কথা থাকলেও দেওয়া হয়েছে সাড়ে ৩ ইঞ্চি। আয়রন ব্রিজে দৈর্ঘ্যে ৮ ইঞ্চি ও প্রস্থে ৬ ইঞ্চি পরপর রড দেওয়ার নিয়ম থাকলেও ঠিকাদার ১ ফুট পরপর রড দেন। স্থানীয়রা ঢালাইয়ের সময় বাধা দিলে ঠিকাদার ৫ পিস রড আনেন। ঢালাইয়ে সিমেন্ট কম থাকায় স্থানীয়দের দিয়ে ৫ ব্যাগ সিমেন্ট কিনিয়ে এনে ব্রিজের উত্তর পাড়ে ১৩ এপ্রিল বাঁশের কঞ্চি দিয়ে ঢালাই সম্পন্ন করা হয় বলেও জানান স্থানীয়রা। পরে ২ এর পাতায় দেখুন

ভাণ্ডারিয়ায় মাসিক আইন শৃঙ্খলা কমিটির সভা অনুষ্ঠিত

ভাণ্ডারিয়া প্রতিনিধি

পিরোজপুরের ভাণ্ডারিয়ায় গতকাল মঙ্গলবার সকালে উপজেলা প্রশাসনের উদ্যোগে উপজেলা অডিটরিয়ামে মাসিক আইন শৃঙ্খলা সভা অনুষ্ঠিত হয়। সভায় উপজেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী কর্মকর্তা মো.হাসিবুল হাসান এর সভাপতিত্বে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন,উপজেলা সহকারী কমিশনার (ভূমী) উজ্জ্বল হালদার, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাঃ মো. ইব্রাহীম মোল্লা, ওসি তদন্ত রত্নেশ্বর কুমার মন্ডল,প্রাণী সম্পদ কর্মকর্তা ডাঃ সুদেব সরকার, কৃষিকর্মকর্তা মো. নজরুল ইসলাম, যুব উন্নয়ন কর্মকর্তা সৈয়দ আজমল হোসেন, নদমুলা ইউপি চেয়ারম্যান মো.মেজবা উদ্দিন আরিফ জোমাদ্দার,গৌরীপুর ইউয়যনের প্যানেল চেয়ারম্যান ইউপি সদস্য ২ এর পাতায় দেখুন

মাদক কারবারিকে এআই দিয়ে ব্রাজিলের জার্সি পরানো এসআইকে শোকজ

কীর্তনখোলা রিপোর্ট

ইয়াবাসহ আটক আর্জেন্টাইন সমর্থককে এআই দিয়ে ব্রাজিলের জার্সি পরানো বরিশাল মেট্রোপলিটন পুলিশের মিডিয়া উইংয়ের অভিযুক্ত উপ-পরিদর্শক (এসআই) তানজিল আহমেদকে শোকজ করা হয়েছে। মঙ্গলবার (৩০ জুন) বরিশাল মেট্রোপলিটন পুলিশ (বিএমপি) কমিশনারের নির্দেশে তাকে শোকজ করা হয়। বিএমপি কমিশনার মো. আশিক সাঈদ এ তথ্য নিশ্চিত করেছেন। তিনি জানিয়েছেন, শোকজের জবাব ২ এর পাতায় দেখুন

শত শত শিক্ষকের শিক্ষক, দক্ষিণ বাংলার প্রখ্যাত বাংলা ভাষাপণ্ডিত ও ব্যাকরণবিদ বরিশাল সরকারি ব্রজমোহন কলেজ, বাংলা বিভাগের সাবেক বিভাগীয় প্রধান এবং বাংলাদেশ মাদ্রাসা শিক্ষাবোর্ডের সাবেক পরীক্ষা নিয়ন্ত্রক

অধ্যক্ষ আ. খা. মো. আবদুর রব স্যারের লেখা

উচ্চ মাধ্যমিক ও সমমান শ্রেণির

বাংলা ব্যাকরণ ও নির্মিতি

বইটি অনন্য

বইটি প্রশ্নোত্তরের ভিত্তিতে রচিত, তাই উচ্চ মাধ্যমিক শ্রেণির শিক্ষার্থীদের অধিক নম্বর প্রাপ্তিতে সহায়ক

সম্পাদনা করেছেন: বরিশাল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ডের বাংলা ২য়পত্র বিষয়ের প্রধান পরীক্ষক, সরকারি আগৈলঝাড়া কলেজের বাংলা প্রভাষক কবি, গবেষক ও সৃজনশীল গ্রন্থ প্রণেতা

পথিক মোস্তফা (এমফিল, ইবি)

বই পাওয়ার জন্য যোগাযোগ করুন:

01718246162, 01712189338, 01712926836

গদ্য প্রকাশন, বরিশাল

বরিশাল নগরীর যেসব স্থানে বইটি পাওয়া যাচ্ছে

বুক ভিলা সদর রোড, বরিশাল 01932-314219	ইসলামিয়া লাইব্রেরি প্যারারাোড, সদর রোড, বরিশাল 01711-264963	অংকুর লাইব্রেরি সদর রোড, বরিশাল 01708-868515	অংকুর লাইব্রেরি সদর রোড, বরিশাল 01708-868514
খন্দকার লাইব্রেরি সদর রোড, বরিশাল 01711-047767	নিউ মাহবুব লাইব্রেরি সদর রোড, বরিশাল 01763-107720	রহমান বুক হাউজ প্যারারাোড, সদর রোড, বরিশাল 01718-670945	মজুমদার লাইব্রেরি অমৃত লাল দে কলেজের সামনে, বরিশাল 01716-139268
অমৃত লাইব্রেরি অমৃত লাল দে কলেজের পাশে, বরিশাল 01719-408049	নিউ কলেজ লাইব্রেরি বি.এম কলেজের সামনে 01726-074663	হক লাইব্রেরি বি.এম কলেজ মসজিদ গেটের পশ্চিম পাশে 01724-851658	আশরাফিয়া লাইব্রেরি বি.এম কলেজ মসজিদ গেট 01717-488083

ঘটনাস্থলে না থেকেও মামলার আসামি 'দুই এইচএসসি পরীক্ষার্থী'

তালতলী প্রতিনিধি

বরগুনার তালতলীতে একটি সাইক্লোন শেল্টার নির্মাণ ও জমি-সংক্রান্ত বিরোধকে কেন্দ্র করে দায়ের করা মারধরের মামলায় ঘটনাস্থলে উপস্থিত না থেকেও দুই এইচএসসি পরীক্ষার্থীকে আসামি করা হয়েছে বলে অভিযোগ উঠেছে। মঙ্গলবার (৩০ জুন) সকাল ১১টায় তালতলী প্রেসক্লাবের হলরুমে সংবাদ সম্মেলন করে ভুক্তভোগী দুই শিক্ষার্থী এ অভিযোগ তুলে ধরে ঘটনার সুষ্ঠু ও নিরপেক্ষ তদন্তের দাবি জানান। পরীক্ষার্থীরা হলেন, উপজেলার কড়ইবাড়িয়া ইউনিয়নের ২ নম্বর ওয়ার্ডের হেলেঞ্চাবাড়িয়া এলাকার ইউপি সদস্য মুহাম্মদ রেদওয়ান উল্লাহর ছেলে রায়হান সাকিব, তিনি আমতলী সরকারি কলেজের এইচএসসি পরীক্ষার্থী; এবং একই এলাকার আশরাফ তালুকদারের ছেলে মো. নাইম, তিনি কড়ইবাড়িয়া কারিগরি টেকনিক্যাল স্কুল অ্যান্ড কলেজের এইচএসসি পরীক্ষার্থী। খোঁজ নিয়ে জানা গেছে, উপজেলার কড়ইবাড়িয়া ইউনিয়নের ৫১ নম্বর হেলেঞ্চাবাড়িয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ে প্রায় ৭ কোটি টাকা ব্যয়ে ২ এর পাতায় দেখুন

বরিশাল শিক্ষাবোর্ড

এইচএসসি পরীক্ষার্থী কমেছে সাড়ে ৫৮ হাজারের বেশি

কীর্তনখোলা রিপোর্ট

উচ্চ মাধ্যমিক (এইচএসসি) ও সমমানের পরীক্ষা শুরু হচ্ছে ২ জুলাই। এ পরীক্ষায় বরিশাল শিক্ষা বোর্ডের অধীনে এবার অংশগ্রহণ করছেন ৫৮ হাজার ৬৬৪ জন পরীক্ষার্থী। এরমধ্যে ছাত্র ২৬ হাজার ৯০৫ জন ও ছাত্রী রয়েছেন ৩১ হাজার ৭৫৯ জন। গত বছর এ বোর্ড থেকে পরীক্ষায় অংশ নিয়েছিলেন ৬১ হাজার ২৫ জন শিক্ষার্থী পরীক্ষায় অংশ নিচ্ছেন। সে হিসেবে ২ হাজার ৩৬১ জন পরীক্ষার্থী কমেছে। আন্ত:শিক্ষা বোর্ড সমন্বয় কমিটি এ তথ্য জানিয়েছে। কমিটি জানায়, বরিশাল শিক্ষা বোর্ড থেকে বিজ্ঞা বিভাগ থেকে ১২ হাজার ৫১৮ জন পরীক্ষার্থী রয়েছেন। এরমধ্যে ছাত্র ৫ হাজার ৬২৩ জন আর ছাত্রী ৬ হাজার ৮৯৫ জন। মানবিক বিভাগ থেকে ৪০ হাজার ৬০৯ জন। এরমধ্যে ছাত্র ১৭ হাজার ৯৫৯ জন আর ছাত্রী ২২ হাজার ৬৫০ জন। ব্যবসায় শিক্ষা বিভাগের মোট পরীক্ষার্থী রয়েছেন ৫ হাজার ৫৩৭ জন। এরমধ্যে ছাত্র রয়েছেন ৩ হাজার ৩২৩ জন আর ছাত্রী রয়েছেন ২ হাজার ২১৪ জন। এর আগে এইচএসসি পরীক্ষা সুষ্ঠু, শান্তিপূর্ণ ২ এর পাতায় দেখুন

দৈনিক কীর্তনখোলা

আত্মপ্রত্যয়ী প্রতিদিন

প্রতিনিধি আবশ্যক

দৈনিক কীর্তনখোলা পত্রিকার জন্য **ঝালকাঠি জেলা:** নলছিটি, রাজাপুর, **পটুয়াখালী জেলা:** পটুয়াখালী, বাউফল, আমতলী, **ভোলা জেলা:** তজুমদ্দিন, লালমোহন, মনপুরা, **পিরোজপুর জেলা:** নাজিরপুর, নেছারাবাদ ও **বরিশাল জেলা:** উজিরপুর ও বাবুগঞ্জ প্রতিনিধি আব্যশক। প্রার্থীকে অবশ্যই কমপক্ষে এইচএসসি পাস হতে হবে। আগ্রহীরা পত্রিকার ইমেইলে জীবনবৃত্তান্তসহ আবেদন করুন।

–মফস্বল সম্পাদক
০১৩০৪১৬৮৪১৯

সম্পাদকীয়

সম্পর্কের অগ্রযাত্রা অব্যাহত থাক

চীন বাংলাদেশের অন্যতম উন্নয়ন সহযোগী। বাংলাদেশের উন্নয়ন কর্মকাণ্ডে চীনের সহযোগিতা দীর্ঘ সময় ধরে চলে আসছে। পাশাপাশি বাংলাদেশে রয়েছে চীনের বিপুল বিনিয়োগ। দুই দেশের মধ্যে বিদ্যমান আস্থা ও সহযোগিতার এই সম্পর্ককে আরো এক ধাপ এগিয়ে নিয়েছে প্রধানমন্ত্রী তারেক রহমানের চীন সফর। এই সফরে দুই দেশের মধ্যে ১৭টি চুক্তি ও সমঝোতা স্মারক (এমওইউ) সই হয়েছে। পাশাপাশি বাংলাদেশে বিনিয়োগের ব্যাপারে চীনা বিনিয়োগকারীদের পক্ষ থেকে ব্যাপক সাড়া পাওয়া গেছে। প্রধানমন্ত্রী তারেক রহমান গত ২৬ জুন সকালে চীনের প্রেসিডেন্ট শি চিনপিংয়ের সঙ্গে বৈঠক করেন। অত্যন্ত আন্তরিক ও হৃদ্যতাপূর্ণ পরিবেশে দুই নেতা পারস্পরিক স্বার্থসংশ্লিষ্ট বিষয়ে আলোচনা করেন। তাঁদের আলোচনায় বিশেষভাবে গুরুত্ব পেয়েছে স্বাস্থ্যসেবা, সংস্কৃতি ও শিক্ষা, স্থানীয় সরকার পর্যায়ে বিনিময় ও সহযোগিতা জোরদার, আঞ্চলিক ভূ-রাজনীতি, বাণিজ্য, বিনিয়োগ, দীর্ঘমেয়াদি কৌশলগত অংশীদারি ইত্যাদি। চীনের প্রেসিডেন্ট বলেন, চীন সব সময় বাংলাদেশের নির্ভরযোগ্য বন্ধু, ভালো প্রতিবেশী ও অংশীদার। মৌলিক স্বার্থ ও গুরুত্বপূর্ণ উদ্বেগের বিষয়গুলোতে উভয় দেশ পরস্পরকে সমর্থন অব্যাহত রাখবে। বাংলাদেশের সঙ্গে বেল্ট অ্যান্ড রোড উদ্যোগ এবং আঞ্চলিক সংযোগ বৃদ্ধি করতে চীন-মায়ানমার-বাংলাদেশ অর্থনৈতিক করিডরের উন্নয়ন এগিয়ে নেওয়ার বিষয়ে চীনের সহযোগিতার কথাও জানান তিনি। এর আগে গত বৃহস্পতিবার বেইজিংয়ের গ্রেট হল অব দ্য পিপলে প্রধানমন্ত্রী তারেক রহমান ও চীনের প্রধানমন্ত্রী লি ছিয়াংয়ের নেতৃত্বে দ্বিপক্ষীয় বৈঠক অনুষ্ঠিত হয়। আনুষ্ঠানিক বৈঠকে দুই দেশের দ্বিপক্ষীয় সম্পর্কের বিভিন্ন বিষয়; যেমনঃঅর্থনৈতিক সহযোগিতা, বিনিয়োগ, বাণিজ্য সম্প্রসারণ, অবকাঠামো উন্নয়ন, পানিসম্পদ ব্যবস্থাপনা, প্রতিরক্ষা সহযোগিতাসহ আঞ্চলিক ও আন্তর্জাতিক স্বার্থসংশ্লিষ্ট বিষয়াদি নিয়ে অত্যন্ত আন্তরিকতার সঙ্গে এবং খোলা মনে বিস্তারিত আলোচনা হয়। বৈঠক শেষে দুই প্রধানমন্ত্রীর উপস্থিতিতে বিভিন্ন ক্ষেত্রে পারস্পরিক সহযোগিতা বিষয়ক চুক্তি ও সমঝোতা স্মারক (এমওইউ) সই হয়। সই হওয়া সমঝোতা স্মারকের মধ্যে রয়েছে বিনিয়োগ সহায়তা, জিডিআই, মানবসম্পদ উন্নয়নে সহায়তা, চীনের ভাষাশিক্ষা এবং গণমাধ্যমের নানা পরিসরে সহায়তা। বিনিয়োগ সহযোগিতায় চারটি চুক্তি ও বিনিয়োগ প্রতিশ্রুতি, গণমাধ্যম খাতে সহযোগিতা জোরদারে বাংলাদেশ-চীনের মধ্যে চারটি সমঝোতা স্মারক সই হয়। বিনিয়োগ সহায়তায় স্বাক্ষরিত চারটি গুরুত্বপূর্ণ চুক্তি ও বিনিয়োগ প্রতিশ্রুতির মধ্যে রয়েছে বাগেরহাটের মোংলা বন্দরের পাশে চীন-বাংলাদেশ মোংলা পোর্ট অর্থনৈতিক অঞ্চল উন্নয়ন, চট্টগ্রামের আনোয়ারায় চীনা অর্থনৈতিক ও শিল্পাঞ্চল, বাংলাদেশে বিনিয়োগ প্রসার, ব্যবসায়িক সংযোগ বৃদ্ধি এবং চীনা বিনিয়োগকারীদের সহায়তা জোরদার করা। এ ছাড়া ব্রিকসে বাংলাদেশের অন্তর্ভুক্তির বিষয়ে চীন সহযোগিতা করবে বলে আশ্বস্ত করেন চীনের প্রধানমন্ত্রী। গত ২৫ জুন চীনের পানিসম্পদমন্ত্রী লি গোয়োইং ও প্রধানমন্ত্রী তারেক রহমানের মধ্যে বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে তিস্তাসহ বাংলাদেশের বিভিন্ন নদীর পানি ব্যবস্থাপনায় দুই দেশের সহযোগিতা বাড়ানোর বিষয়ে ঐকমত্য হয়। চীনা কমিউনিস্ট পার্টি ও বাংলাদেশ জাতীয়তাবাদী দলের (বিএনপি) মধ্যেও একটি সমঝোতা স্মারক সই হয়। বাংলাদেশ ও চীনের মধ্যে বহুমাত্রিক ও কৌশলগত সম্পর্ক বিদ্যমান। সময়ের পরীক্ষায় উত্তীর্ণ এই সম্পর্ক প্রধানমন্ত্রী তারেক রহমানের সফরের মধ্য দিয়ে আরো গতিপ্রাপ্ত হয়েছে। আমরা আশা করি, আগামী দিনগুলোতে দুই দেশের সম্পর্ক ক্রমান্বয়ে এগিয়ে যাবে।

শেখ হাসিনার যে দায়

হক ইনুর ১০ বছরের সাজা হতে পারে না কেন বলে জানিয়েছেন চিফ প্রসিকিউটর আমিনুল ইসলাম। মঙ্গলবার (৩০ জুন) দুপুরে নিজ কার্যালয়ের কনফারেন্স রুমে এক প্রেস ব্রিফিংয়ে তিনি এ প্রতিক্রিয়া জানান। ট্রাইব্যুনালের রায়ে অসন্তোষ প্রকাশ করে চিফ প্রসিকিউটর বলেন, 'আমরা সাক্ষ্য-প্রমাণ উপস্থাপন করেছি। আমরা চেষ্টা করেছি আসামির বিরুদ্ধে যেসব তথ্য-প্রমাণ ও সাক্ষ্য আছে, তা ট্রাইব্যুনালের সামনে উপস্থাপন করতে। আমরা মনে করি, ট্রাইব্যুনাল আমাদের সাক্ষ্য-প্রমাণ যথাযথভাবে পর্যালোচনা করতে ব্যর্থ হয়েছেন এবং তারা সঠিক রায় দিতে ব্যর্থ হয়েছেন।' 'এর আগে ট্রাইব্যুনাল-১ থেকে শেখ হাসিনার মৃত্যুদণ্ডের রায় ঘোষিত হয়েছে। শেখ হাসিনার যে দায়, হাসানুল হক ইনুরও একই দায়। তাই শেখ হাসিনার যদি মৃত্যুদণ্ড হয়, তবে হাসানুল হক ইনুর ১০ বছরের সাজা হতে পারে না।' চিফ প্রসিকিউটর আরও বলেন, 'হাসানুল হক ইনুর বিরুদ্ধে জুলাই হত্যাকাণ্ডের আটটি অভিযোগ ছিল। এর মধ্যে প্রসিকিউশনের তিনটি চার্জ (অভিযোগ) তথা ৩, ৬ ও ৭ নম্বর প্রমাণ করতে সক্ষম হয়েছে বলে জানিয়েছেন ট্রাইব্যুনাল। আর বাকিগুলো প্রমাণিত হয়নি। প্রমাণিত তিনটি চার্জের প্রতি চার্জে ১০ বছর করে সাজা দিয়েছেন ট্রাইব্যুনাল-২। একইসঙ্গে ৬ ও ৭ নম্বর চার্জে এক লাখ করে দুই লাখ টাকা জরিমানা করেছেন। তবে আমরা এ রায়ে মোটেই সন্তুষ্ট নই।' আটটি অভিযোগই সন্দেহাতীতভাবে প্রসিকিউশন প্রমাণ করতে সক্ষম হয়েছে জানিয়ে তিনি বলেন, 'ইনুর বিরুদ্ধে অন্যতম অভিযোগ হলো ১৪ দলীয় জোটের বৈঠকে হওয়া সিদ্ধান্তে একাত্মতা পোষণ করেছিলেন। অর্থাৎ ওই বৈঠকে কারফিউ জারির মধ্য দিয়ে 'শুট অ্যাট সাইট' বা দেখামাত্র গুলির নির্দেশনা এবং আন্দোলন দমনের মাধ্যমে বিএনপি-জামায়াতকে নির্মূল করার সিদ্ধান্ত নেওয়া হয়। অন্যতম শরিক নেতা হিসেবে ইনুও সেই বৈঠকে অংশ নিয়েছিলেন।' এছাড়া ভারতীয় সংবাদমাধ্যমে সাক্ষাৎকারে আন্দোলনকারীদের 'জঙ্গি ট্যাগ' দিয়েছিলেন তিনি। শেখ হাসিনার সঙ্গেও একাধিকবার ফোনালাপ করেছেন। ফোনালাপে অপরাধমূলক কর্মকাণ্ডে সায় দেন জাসদ সভাপতি। 'জঙ্গি কার্ড' খেলার মধ্য দিয়ে তিনি সাবেক প্রধানমন্ত্রীকে বিভিন্ন রকমের পরামর্শ দিয়েছিলেন। আমিনুল ইসলাম বলেন, 'আমরা খুব পরিষ্কারভাবে বলতে চাই যে, ১০ জন সাক্ষীর জবানবন্দিতে এসব অভিযোগ প্রমাণ করেছেন। অডিও-ভিডিওর মাধ্যমে প্রমাণ করেছেন তারা। এছাড়া সাফাই সাক্ষ্যে দেওয়া লিখিত বক্তব্যেও ইনু স্বীকার করেছিলেন। তার স্বীকারোক্তির পরও অন্যান্য চার্জ প্রমাণিত হবে না, এটা আমাদের কাছে বোধগম্য মনে হয়নি।' চিফ প্রসিকিউটর বলেন, 'অপরাধমূলক কর্মকাণ্ডের জন্য ইনুকে সর্বোচ্চ শাস্তি দেওয়া উচিত ছিল। কিন্তু তা না করে ট্রাইব্যুনাল যে সাজা দিয়েছেন, এটা একেবারেই স্বেচ্ছামূলক। তারা যথাযথভাবে সাক্ষীর সাক্ষ্য পর্যালোচনা করতে ব্যর্থ হয়েছেন বলে আমরা মনে করি। আমরা এ রায়ের বিরুদ্ধে অবশ্যই আপিল করব। একইসঙ্গে তিনটি চার্জে দেওয়া শাস্তিও অপ্রতুল। অতএব এ সাজা বাড়াতেও আমরা আপিল করব। রায়ের কপি পেলেই উচ্চ আদালতে যাব।'

আগামী অর্থবছরে ইবতেদায়ি

প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী আ ন ম এহছানুল হক মিলন। আগামী অর্থবছরের বাজেটে এই খাতে অর্থ বরাদ্দ আছে বলেও জানান তিনি। মঙ্গলবার রাজধানীর আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের এক অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এই তথ্য জানান অর্থমন্ত্রী। মন্ত্রী বলেন, 'এখন দেখবেন প্রেসক্লাবে গেলেই ইবতেদায়ি মাদ্রাসার শিক্ষকেরা এমপিওর জন্য অনশন করছেন। হোয়াট ইজ দিস? কেন করবে? একটি সিস্টেমে আছে। সিস্টেম অনুযায়ী গাড়ি চলতে থাকবে। ইবতেদায়ি মাদ্রাসা কারা (এমপিও) পাবে, এটার নীতিমালা রয়েছে। নীতিমালা যে পড়বে, সেই পাবে। তাই না?' শিক্ষামন্ত্রী আরও বলেন, 'এখন ইবতেদায়ি মাদ্রাসার এই যে নম্বর ব্যানবেইস থেকে দিয়ে দিচ্ছে, এটার কোনো ইন্সপেকশন নাই, কোনোরকম ডকুমেন্টেশন নাই।' যাচাই-বাছাই করে আগামী বছর মাদ্রাসাগুলো এমপিওভুক্ত করার কথা বলেন মন্ত্রী। তিনি বলেন, 'এটাকে আমাদের একটু ঘুচিয়ে নিতে হবে। নিয়ে আমরা জাস্টিফাই করব কাকে দেওয়া যায় এবং সেভাবে আগামী বাজেটে টাকা অ্যালোকেশন করা আছে, সেখান থেকে আমরা (এমপিও) দেব। বাট ইট হ্যাজ টু বি ইন আ সিস্টেম।' আগের সরকারগুলো শিক্ষা খাতে এলোমেলোভাবে কাজ করেছে বলে অভিযোগ করে মন্ত্রী বলেন, 'এগুলো যদি বলতে যাই, সারা দিন বলতে পারব। বাট, বলে তো লাভ নাই। রেসপন্সিবিলিটি কার, আমাদের! নাকি? আমাদের এটা অ্যাড্রেস করতেই হবে।' মাদ্রাসাশিক্ষাকে উন্নত করতে কী কী করা যায়, সে বিষয়ে চিন্তা করতে তিনি সংশ্লিষ্ট ব্যক্তিদের আহ্বান জানান। সেই ?ইসলামি শিক্ষাকে শুধু ধর্মীয় শিক্ষার মধ্যে সীমাবদ্ধ না রেখে জাতীয় উন্নয়ন, নৈতিকতা ও দক্ষ মানবসম্পদ গঠনের মূলধারায় নিয়ে আসারও আহ্বান জানান শিক্ষামন্ত্রী। মন্ত্রী বলেন, ইসলামি শিক্ষার মূল লক্ষ্য মূল্যবোধসম্পন্ন মানুষ গড়ে তোলা। এই খাতকে সময়োপযোগী ও আন্তর্জাতিক মানে উন্নীত করতে গবেষণা, দক্ষ শিক্ষক এবং যুগোপযোগী কারিকুলামের বিকল্প নেই। শিক্ষামন্ত্রী বলেন, মাদ্রাসাশিক্ষাকে শুধু প্রচলিত কাঠামোর মধ্যে সীমাবদ্ধ রাখলে চলবে না। এমনভাবে এই খাতকে গড়ে তুলতে হবে, যাতে এখানকার শিক্ষার্থীরা জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে নেতৃত্ব দেওয়ার সক্ষমতা অর্জন করতে পারে। এ ক্ষেত্রে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়কে আরও কার্যকর, গবেষণানির্ভর ও পরিকল্পিত ভূমিকা নিতে হবে। ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য মোহাম্মদ আবু জাফর খানের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সচিব আবদুল খালেক এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের (মাউশি) মহাপরিচালক অধ্যাপক খান মইনুদ্দিন আল মাহমুদ সোহেলসহ আরও অনেকে।

পররাষ্ট্রের বাজেট ছাঁটাই

বন্ধ করে দিতে হবে বলে জানিয়েছেন পররাষ্ট্রমন্ত্রী ড. খলিলুর রহমান। স্বাধীনতা-সার্বভৌমত্বের প্রতীক লাল-সবুজের পতাকা নামিয়ে ফেলতে হবে বলেও মনে করেন তিনি। মঙ্গলবার (৩০ জুন) জাতীয় সংসদে ২০২৬-২৭ অর্থবছরের বাজেট পাসের প্রক্রিয়ায় পররাষ্ট্র মন্ত্রণালয় সম্পর্কিত ১৬ নম্বর মঞ্জুরি দাবির ওপর আনা ছাঁটাই প্রস্তাবের জবাব দিতে গিয়ে তিনি এ মন্তব্য করেন। পররাষ্ট্রমন্ত্রী বলেন, 'ছাঁটাই প্রস্তাব অনুযায়ী পররাষ্ট্র মন্ত্রণালয় সংক্রান্ত ১৬ নম্বর ''দাবি হ্রাস করে ১ টাকায় নামিয়ে'' আনা হলে বিশ্বের বিভিন্ন দেশে আমাদের দূতাবাসগুলো বন্ধ করে দিয়ে আমাদের স্বাধীনতা ও সার্বভৌমত্বের প্রতীক লাল-সবুজের পতাকা নামিয়ে ফেলতে হবে।' এতে প্রবাসীদের সেবা বন্ধ হয়ে যাবে বলে মন্তব্য করেন তিনি। এছাড়া জাতিসংঘে বাংলাদেশের সদস্যপদ স্থগিত হওয়ার ঝুঁকি তৈরি হতে পারে বলেও শঙ্কা প্রকাশ করেন তিনি। 'দেশের জাতীয় স্বার্থকে অগ্রাধিকার দিয়ে এ বাজেট প্রণয়ন করা হয়েছে' উল্লেখ করে তিনি বলেন, পররাষ্ট্র ক্ষেত্রে প্রস্তাবিত ১ হাজার ৮৪৪ কোটি ৪৩ লাখ টাকার বাজেট কোনো সাধারণ ব্যয় নয়। এটি আন্তর্জাতিক অঙ্গনে বাংলাদেশের অবস্থানকে সুদৃঢ় করার কৌশলগত বিনিয়োগ।' বিভিন্ন দেশে পররাষ্ট্র বাজেটের বিষয়ে মন্ত্রী বলেন, 'ভারতের বিদেশ মন্ত্রণালয়ের বাজেট ২৯ হাজার কোটি টাকা ও পাকিস্তানে ৩ হাজার ৪০০ কোটি টাকা।' বাংলাদেশের পররাষ্ট্র মন্ত্রণালয়ের প্রস্তাবিত বাজেট দক্ষিণ এশিয়ার অন্যান্য দেশের তুলনায় কম বলেও উল্লেখ করেন তিনি। ছাঁটাই প্রস্তাবের জবাবে পররাষ্ট্রমন্ত্রী বলেন, বর্তমান পরিবর্তনশীল ও জটিল বিশ্ব ব্যবস্থায় একটি রাষ্ট্রের উন্নয়ন ও নিরাপত্তা অনেকাংশে দূরদর্শী ও সক্রিয় কূটনীতির ওপর নির্ভর করে। তিনি বলেন, 'আমাদের কূটনীতির মূল লক্ষ্য হচ্ছে সবার আগে বাংলাদেশ, বাংলাদেশ ফার্স্ট।' প্রধানমন্ত্রীর সাম্প্রতিক মালয়েশিয়া ও চীন সফরকে এই নীতির উদাহরণ হিসেবে তুলে ধরেন তিনি। ২০২৬-২৭ অর্থবছরে পররাষ্ট্র মন্ত্রণালয়ের বাজেট প্রাক্কলন করা হয়েছে ১ হাজার ৮৪৪ কোটি ৪৩ লাখ টাকা। এর মধ্যে পরিচালন বাজেট ১ হাজার ৬১০ কোটি টাকা এবং উন্নয়ন বাজেট ২৩৪ কোটি ৪৩ লাখ টাকা। গত বছরের তুলনায় এ বরাদ্দ ৪ দশমিক ৫৩৬ শতাংশ বেশি বলে জানান তিনি। পররাষ্ট্রমন্ত্রী বলেন, পররাষ্ট্র মন্ত্রণালয়ের বাজেটের বড় অংশ বিদেশে বাংলাদেশের মিশনগুলোর কার্যক্রম চালাতে ব্যয় হয়। টাকার বিপরীতে বৈদেশিক মুদ্রার বিনিময় হার ওঠানামার কারণে প্রকৃত ব্যয় বৃদ্ধির হার আরও কম হতে পারে। তিনি জানান, মালয়েশিয়ার জোহর বাহরু, যুক্তরাষ্ট্রের মিশিগান রাজ্যের ডেট্রয়েট, আর্জেন্টিনার বুয়েনস আইরেস এবং আয়ারল্যান্ডের ডাবলিনে নতুন মিশন খোলা হয়েছে। আগামী অর্থবছরে এই চারটি মিশনের কার্যক্রম শুরু করতে ৩০ কোটি ৩৯ লাখ ৯৫ হাজার টাকা বরাদ্দ রাখা হয়েছে। রোহিঙ্গা গণহত্যা সংক্রান্ত মামলায় ইন্টারন্যাশনাল কোর্ট অব জাস্টিসে মিয়ানমারের বিরুদ্ধে ইসলামিক সম্মেলন সংস্থার পক্ষে গাম্বিয়ার করা মামলা পরিচালনার জন্য ১৬ কোটি টাকা বরাদ্দ রাখা হয়েছে বলে জানান তিনি।

সংসদে ২০২৬-২৭

নতুন বাজেট কার্যকর হবে। নতুন বাজেটে কর, ভ্যাট ও বিনিয়োগসহ বিভিন্ন খাতে বেশ কয়েকটি গুরুত্বপূর্ণ পরিবর্তন আনা হয়েছে। মঙ্গলবার (৩০ জুলাই) জাতীয় সংসদে স্পিকার হাফিজ উদ্দিন আহমদের সভাপতিত্বে কণ্ঠভোটে নতুন অর্থবছরের বাজেট পাস করা হয়। এর আগে সোমবার (২৯ জুন) কয়েকটি সংশোধনীসহ অর্থবিল পাস করে জাতীয় সংসদ। সংশোধিত অর্থবিলে করমুক্ত আয়সীমা ৪ লাখ টাকায় উন্নীত করা হয়েছে। পাশাপাশি আবাসন খাতে বিনা প্রশ্নে কালো টাকা বিনিয়োগের সুযোগ বাতিল করা হয়েছে। এছাড়া বেসরকারি বিশ্ববিদ্যালয় ও মেডিকেল কলেজের করপোরেট কর ১০ শতাংশ থেকে কমিয়ে ৫ শতাংশ নির্ধারণ করা হয়েছে। খুচরা ব্যবসায়ীদের ওপর ভ্যাট আরোপের প্রস্তাবও বাদ দেওয়া হয়েছে। অর্থবিল পাসের মধ্য দিয়ে কর ও শুল্কসংক্রান্ত সব প্রস্তাব চূড়ান্ত হয়েছে। সোমবার ২০২৬-২৭ অর্থবছরের প্রস্তাবিত বাজেটের ওপর আলোচনায় অংশ নেন বিরোধীদলীয় নেতা ড. শফিকুর রহমান ও প্রধানমন্ত্রী তারেক রহমান। এর আগে, গত ১১ জুন জাতীয় সংসদে ২০২৬-২৭ অর্থবছরের জন্য প্রস্তাবিত বাজেট উপস্থাপন করেন অর্থমন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরী।

ঘটনাস্থলে না থেকেও মামলার আসামি

একটি সাইক্লোন শেল্টার নির্মাণ এবং জমি-সংক্রান্ত বিরোধকে কেন্দ্র করে গত ৮ জুন স্থানীয় বাসিন্দা নুর সাইদ আকন ও মাসুম সরদারের মধ্যে বাকবিতণ্ডার একপর্যায়ে উভয় পক্ষের মধ্যে মারধরের ঘটনা ঘটে। এ ঘটনায় ১১ জুন মাসুম সরদারের বাবা আশরাফ হোসেন সরদার বাদী হয়ে তালতলী থানায় একটি মামলা দায়ের করেন। মামলায় ইউপি সদস্য মুহাম্মদ রেদওয়ান উল্লাহ ও দুই এইচএসসি পরীক্ষার্থীসহ ছয়জনকে আসামি করা হয়। সংবাদ সম্মেলনে অভিযোগ করা হয়, ঘটনার সময় রায়হান সাকিব কড়ইবাড়িয়া বাজারে অবস্থান করছিলেন এবং মো. নাইম ঘটনাস্থল থেকে প্রায় আধা কিলোমিটার দূরে তালুকদার বাড়ির খাস পুকুরপাড়ে ছিলেন। মারধরের ঘটনায় তাদের কোনো সম্পৃক্ততা না থাকলেও উদ্দেশ্যপ্রণোদিতভাবে মামলায় আসামি করা হয়েছে বলে দাবি তাদের। তারা আরও জানান, ২০২২ সালেও একই বাদীর সঙ্গে একই গ্রামের অজেত তালুকদারের জমিজমা-সংক্রান্ত বিরোধের একটি মামলায় তাদের আসামি করা হয়েছিল। পরে পুলিশি তদন্তে ঘটনার সঙ্গে তাদের সম্পৃক্ততার প্রমাণ না পাওয়ায় তদন্ত প্রতিবেদনে তাদের অব্যাহতি দেওয়া হয়। এইচএসসি পরীক্ষার্থী রায়হান সাকিব ও মো. নাইম বলেন, "আমরা দুজনেই বর্তমানে এইচএসসি পরীক্ষার্থী এবং দেশের সেবায় নিয়োজিত হওয়ার লক্ষ্যে বিভিন্ন ডিফেন্স বাহিনীতে চাকরির আবেদন করার প্রস্তুতি নিচ্ছি। আমাদের শিক্ষাজীবন ও ভবিষ্যৎ ক্যারিয়ার ক্ষতিগ্রস্ত করার উদ্দেশ্যে একটি কুচক্রী মহল পরিকল্পিতভাবে মিথ্যা মামলায় জড়িয়েছে। এ ঘটনার সঙ্গে আমাদের কোনো সম্পৃক্ততা নেই। প্রশাসনের ঊর্ধ্বতন কর্তৃপক্ষ ও তদন্তকারী কর্মকর্তার কাছে আমাদের আবেদন, সরেজমিনে নিরপেক্ষ তদন্তের মাধ্যমে প্রকৃত সত্য উদঘাটন করা হোক।" এ বিষয়ে তালতলী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. সাইদুল ইসলাম বলেন, "আপনাদের মাধ্যমে আমরা জানতে পেরেছি যে, তারা এইচএসসি পরীক্ষার্থী। তদন্তে যদি মারামারির ঘটনায় তাদের সম্পৃক্ততা না পাওয়া যায়, তাহলে চূড়ান্ত তদন্ত প্রতিবেদনে তাদের অব্যাহতি দেওয়া হবে।"

এক পাগলা কুকুরে

চিকিৎসা দেওয়া হয়েছে। পরে আহতদের মধ্যে অন্তত পাঁচজনকে উন্নত চিকিৎসার জন্য পটুয়াখালী সদর হাসপাতালে পাঠানো হয়। হাসপাতাল সূত্র জানায়, আহতদের মধ্যে রয়েছেন আরাবী (৫), জিদান (৬), মুবিন (৮), মুরসালিন (৯), তাইবা (৫) ও নিঝুমসহ (১১) মোট ১০ জন। চিকিৎসা নিতে আসা আহতদের অধিকাংশই শিশু। স্থানীয়রা জানান, কালো-সাদা রঙের কুকুরটি সকাল থেকে উপজেলার বিভিন্ন গ্রামে ঘুরে বেড়িয়ে যাকে সামনে পেয়েছে তাকেই কামড়ে দিয়েছে। এতে এলাকায় আতঙ্ক ছড়িয়ে পড়ে। অনেক অভিভাবক নিরাপত্তার কথা বিবেচনা করে শিশুদের ঘরের বাইরে যেতে দিচ্ছেন না। দুমকি উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. মীর শহীদুল ইসলাম শাহীন বলেন, 'মঙ্গলবার কুকুরের কামড়ে আহত ১০ জন উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসা নিয়েছেন। তাদের প্রয়োজনীয় চিকিৎসা দেওয়া হয়েছে এবং জলাতঙ্ক প্রতিরোধে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হচ্ছে। আহতদের মধ্যে কয়েকজনকে উন্নত চিকিৎসার জন্য পটুয়াখালী সদর হাসপাতালে পাঠানো হয়েছে।' দুমকি উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা আশিক হাজরা বলেন, 'কুকুরের বিষয়টি উপজেলা প্রশাসনকে জানানো হয়েছে। প্রশাসনের সঙ্গে সমন্বয় করে দ্রুত কুকুরটিকে শনাক্ত ও নিয়ন্ত্রণে আনার উদ্যোগ নেওয়া হয়েছে।'

দেশে বছরে প্রায় ৪০ হাজার

অধ্যাপক ডা. হারুন উর রশিদ, সাধারণ সম্পাদক অধ্যাপক ডা. রুহুল আমিন রুবেল, কোরিয়ান কিডনি বিশেষজ্ঞ ডা. কুরি এন এবং অস্ট্রেলিয়ান কিডনি বিশেষজ্ঞ অধ্যাপক জেরিমি চ্যাপম্যানসহ আরও অনেকে। সেমিনারে বিশেষজ্ঞরা বলেন, উন্নত বিশ্বে 'ব্রেইন ডেথ' হওয়া রোগীদের অঙ্গ নিখুঁতভাবে সংরক্ষণ ও প্রতিস্থাপনের জন্য সুনির্দিষ্ট আইনি কাঠামো ও বিশ্বমানের হাসপাতাল সুবিধা রয়েছে। সেখানে মৃত্যুর আগে অঙ্গদানের অঙ্গীকার করার ব্যাপক প্রচলন রয়েছে। তারা আরও উল্লেখ করেন, জীবিত নিকটাত্মীয়ের কাছ থেকে কিডনি নিলে দাতার ভবিষ্যৎ স্বাস্থ্যঝুঁকি থাকে। তাই উন্নত দেশগুলোতে মরণোত্তর অঙ্গদানকেই প্রধান বিকল্প হিসেবে বিবেচনা করা হয়। কিন্তু বাংলাদেশের প্রেক্ষাপটে অঙ্গ সংযোজন আইন কিছুটা সহজ করা হলেও মরণোত্তর প্রতিস্থাপন এখনো সেভাবে চালু করা সম্ভব হয়নি। তথ্য অনুযায়ী, দেশে প্রতিবছর প্রায় ৪০ হাজার মানুষের কিডনি বিকল হয়ে পড়ছে। এর মধ্যে অন্তত ১০ হাজার রোগীর জরুরি ভিত্তিতে কিডনি প্রতিস্থাপনের প্রয়োজন হয়। তবে নানা সীমাবদ্ধতায় দেশে বছরে গড়ে মাত্র ২৫০ জনের কিডনি প্রতিস্থাপন করা সম্ভব হচ্ছে। দেশে আইনি জটিলতা এড়াতে প্রতি বছর ১ হাজার ২০০ থেকে ১ হাজার ৫০০ মানুষ চিকিৎসার জন্য বিদেশে (যেমন- ভারত, সিঙ্গাপুর, থাইল্যান্ড) গিয়ে কিডনি প্রতিস্থাপন করছেন। বিশেষজ্ঞরা মনে করেন, বিদ্যমান আইনের প্রয়োজনীয় সংশোধন করা গেলে এই বিপুল সংখ্যক রোগীর দেশেই চিকিৎসা সম্ভব হতো, যা দেশের চিকিৎসাসেবার ওপর আস্থা বাড়াবে এবং বৈদেশিক মুদ্রা সাশ্রয় করবে। ১৯৯৯ সালে বাংলাদেশে প্রথম ?'মানবদেহে অঙ্গ-প্রত্যঙ্গ সংযোজন আইন' পাস হয়। পরবর্তীতে ২০১৮ সালে এই আইন কিছুটা সংশোধন করা হলেও তা এখনো চাহিদার তুলনায় অপর্যাপ্ত। বিদ্যমান সংশোধনী অনুযায়ী, নির্ধারিত ২৩ জন নিকটাত্মীয়ের বাইরে অন্য কেউ কোনো রোগীকে কিডনি দান করতে পারেন না। অথচ ভারত, সিঙ্গাপুর, থাইল্যান্ডসহ বিশ্বের বিভিন্ন দেশে আত্মীয় না হলেও মানবিক কারণে বা আইনি প্রক্রিয়ার মাধ্যমে কিডনি দানের সুযোগ রয়েছে। বাংলাদেশে এই আইনি সীমাবদ্ধতার কারণে তীব্র দাতা সংকট তৈরি হয়েছে। বিশ্ব স্বাস্থ্য সংস্থার প্রতিবেদনের বরাত দিয়ে সেমিনারে জানানো হয়, বর্তমানে বিশ্বজুড়ে ৮৫ কোটিরও বেশি মানুষ দীর্ঘস্থায়ী কিডনি রোগে আক্রান্ত। অত্যন্ত উদ্বেগজনক বিষয় হলো, এর মধ্যে প্রায় ৭৫ কোটি রোগীই জানেন না যে এই প্রাণঘাতী রোগটি নীরবে তাদের কিডনি বিকল করে দিচ্ছে। প্রতিবছর প্রায় ১ কোটি ৩০ লাখ মানুষ আকস্মিক কিডনি বিকল রোগে আক্রান্ত হন, যার ৮৫ শতাংশই বাংলাদেশের মতো উন্নয়নশীল দেশের নাগরিক। আশঙ্কা করা হচ্ছে, ২০৪০ সালের মধ্যে ৫০ লাখের বেশি কিডনি বিকল রোগী সঠিক চিকিৎসার অভাবে সংকটাপন্ন অবস্থায় মৃত্যুবরণ করবেন। সেমিনারে বক্তারা দেশে কিডনি প্রতিস্থাপন বাড়াতে আইনি প্রতিবন্ধকতা দূর করার পাশাপাশি মরণোত্তর অঙ্গদানে সাধারণ মানুষকে উদ্বুদ্ধ করতে ব্যাপক জনসচেতনতা সৃষ্টির আহ্বান জানান।

মাদক কারবারিকে এআই দিয়ে ব্রাজিলের

পেলে পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা হবে। এর আগে, সোমবার (২৯ জুন) বিকেল পৌনে ৫টার দিকে বরিশাল নগরীর ৫ নম্বর ওয়ার্ডের মোহাম্মদপুর কলোনি থেকে ৮০০ পিস ইয়াবা ট্যাবলেটসহ গ্রেফতার করা হয় ওই এলাকার শীর্ষ মাদক কারবারি, আর্জেন্টাইন সমর্থক রাসেল হাওলাদারকে (৩৫)। আটকের সময় মাদক কারবারি রাসেলের গায়ে আর্জেন্টিনার জার্সি ছিল। কাউনিয়া থানা পুলিশ রাসেলকে আটকের পর তার জার্সিটি উল্টো করে পরিয়ে ছবি তুলে বিএমপির মিডিয়া সেলে পাঠায়। পরে এআই প্রযুক্তি ব্যবহার করে ডিজিটাল কারচুপির মাধ্যমে আর্জেন্টিনার জার্সি পরিবর্তন করে মাদক কারবারিকে ব্রাজিলের জার্সি পরিয়ে বিএমপির মিডিয়া উইং থেকে ছবি পাঠানো হয় গণমাধ্যমে। মিডিয়া উইংয়ের গ্রুপের এমন ছবি প্রকাশের পর সামাজিক যোগাযোগ মাধ্যমে সমালোচনা এবং ব্রাজিল সমর্থকদের মধ্যে ক্ষোভের সৃষ্টি হয়। পরবর্তীতে ঊর্ধ্বতন কর্মকর্তাদের নির্দেশে ছবি পরিবর্তন করে পুনরায় সঠিক তথ্য ও ছবি মিডিয়া সেলের হোয়াটসঅ্যাপ গ্রুপ এবং ই-মেইলে প্রকাশ করা হয়। জানাগেছে, গণমাধ্যমে ভুল তথ্য এবং এআই দিয়ে বানানো ছবি পাঠানো মিডিয়া উইংয়ের উপ-পরিদর্শক তানজিল আহমেদ আর্জেন্টাইন সমর্থক। শারীরিক অসুস্থতার কারণে দীর্ঘদিন ধরে তিনি বরিশাল মেট্রোপলিটন পুলিশের মিডিয়া উইংয়ে কর্মরত আছেন। যদিও-বিষয়টি 'দুষ্টুমির ছলে' করা হয়েছে বলে স্বীকার করেছেন বিএমপির মিডিয়া সেলের উপ-পরিদর্শক (এসআই) তানজিল আহমেদ। তাছাড়া দায়িত্বশীল পদে থেকে অপেশাদার আচারণের জন্য দুঃখ প্রকাশও করেন তিনি। বরিশাল মেট্রোপলিটন পুলিশের মিডিয়া উইংয়ের পরিদর্শক মো. মনির হোসেন বলেন, মঙ্গলবার (৩০ জুন) উপ-পরিদর্শক তানজিল আহমেদকে কমিশনার স্যার নিজ দপ্তরে তলব করেছিলেন। তাকে শোকজ করা হয়েছে। পাশাপাশি মিডিয়া উইং থেকে তাকে সরিয়ে দেওয়া হতে পারে। তবে বিষয়টি কমিশনার স্যার নিশ্চিতভাবে বলতে পারবেন। বরিশাল মেট্রোপলিটন পুলিশ কমিশনার মো. আশিক সাঈদ বলেন, বিষয়টি নজরে আসার পর অভিযুক্ত উপ-পরিদর্শক তানজিল আহমেদকে শোকজ করা হয়েছে। শোকজের জবাব পেলে পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা হবে।

আজ বন্ধ থাকবে দেশের

চলাচল স্বাভাবিক রাখতে বিশেষ ব্যবস্থা নেওয়া হয়েছে। আদেশে বলা হয়, দেশি-বিদেশি এয়ারলাইন্সে নিরবচ্ছিন্ন জ্বালানি তেল সরবরাহ অব্যাহত রাখার লক্ষ্যে সংশ্লিষ্ট ডিপোর জেটএ-১ মজুদ ট্যাংকের বার্ষিক যাচাই কার্যক্রম যথাসম্ভব দ্রুত সম্পন্ন করে সরবরাহ কার্যক্রম সচল রাখতে হবে। এ বার্ষিক সমাপনী কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে সংশ্লিষ্ট কোম্পানিগুলোর প্রধান স্থাপনাসহ সব ডিপোর বিপণন কার্যক্রম বন্ধ রাখার জন্য নির্দেশক্রমে অনুরোধ জানিয়েছে বিপিসি। আদেশের অনুলিপি যমুনা অয়েল, পদ্মা অয়েল, মেঘনা পেট্রোলিয়াম ও ইস্টার্ন রিফাইনারিসহ সংশ্লিষ্ট সব প্রতিষ্ঠানের প্রধানদের কাছে পাঠানো হয়েছে।

এইচএসসি পরীক্ষার্থী কমেছে

ও নকলমুক্ত পরিবেশে সম্পন্ন করতে সংশ্লিষ্ট সবাইকে সর্বোচ্চ সতর্কতা ও দায়িত্বশীলতার সঙ্গে কাজ করার নির্দেশ দিয়েছেন শিক্ষা এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রী ড. আ ন ম এহছানুল হক মিলন। তিনি প্রতিটি পরীক্ষাকক্ষে সিসিটিভি ক্যামেরা স্থাপন নিশ্চিত করার পাশাপাশি কেন্দ্রগুলোতে কঠোর নজরদারি বজায় রাখার নির্দেশ দেন। মাদারাসা শিক্ষা বোর্ডের অধীনে এবার পরীক্ষায় বসছেন ৯২ হাজার ৯০৫ জন পরীক্ষার্থী। এরমধ্যে ছাত্র ৫২ হাজার ১১ জন ও ছাত্রী রয়েছেন ৪০ হাজার ৮৯৪ জন। কারিগরি শিক্ষা বোর্ডে মোট পরীক্ষায় বসছেন ১ লাখ ৭ হাজার ৯৬৪ জন। এরমধ্যে ছাত্র রয়েছেন ৭৭ হাজার ৫৫২ জন ও ছাত্রী রয়েছেন ৩০ হাজার ৪১২ জন।

ভাণ্ডারিয়ায় মাসিক আইন

মো. আব্দুর রহমান হাওলাদার, সাংবাদিক শঙ্কর জীৎ সমদ্দা, আব্দুল মন্নান হাওলাদারসহ অন্যরা। পরে একই সভা কক্ষে উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভা অনুষ্ঠিত হয়। এতে সভাপতিত্ব করেন, উপজেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী কর্মকর্তা মো.হাসিবুল হাসান।

এইচএসসি পরীক্ষা শুরু

পরীক্ষার্থী এক লাখ ৪০ হাজার ৮৩০ জন, দিনাজপুরে ২১২টি কেন্দ্রে এক লাখ ১৩ হাজার ৪৭৯ জন, যশোর বোর্ডে ২৪০টি কেন্দ্রে এক লাখ ১৭ হাজার ২১০ জন। চট্টগ্রামের ১১৪টি কেন্দ্রে এবার পরীক্ষার্থীর সংখ্যা ৯৯ হাজার ৬৮৮ জন, সিলেটের ৯৬টি কেন্দ্রে ৭১ হাজার ৭১১ জন, কুমিল্লার ১৯৩টি কেন্দ্রে ৯৪ হাজার ৮০২ জন, ময়মনসিংহের ১১১টি কেন্দ্রে ৭৩ হাজার ৩৭ জন এবং বরিশালের ১৪২টি কেন্দ্রে ৫৮ হাজার ৬৬৪ জন পরীক্ষার্থী রয়েছে। এ ছাড়া বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের অধীনে এ বছর সারা দেশে ৪৬১টি পরীক্ষা কেন্দ্রে মোট ৯২ হাজার ৯০৫ জন শিক্ষার্থী পরীক্ষায় অংশ নেবেন। আর কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে ৬১০টি কেন্দ্রে পরীক্ষার্থীর সংখ্যা এক লাখ সাত হাজার ৯৬৪ জন। এইচএসসি ও সমমান পরীক্ষায় সুষ্ঠু, স্বচ্ছ ও নকলমুক্ত পরিবেশ নিশ্চিত করতে কেন্দ্র পরিচালনা, প্রশ্নপত্রের নিরাপত্তা, পরীক্ষার্থী প্রবেশ, কক্ষ ব্যবস্থাপনাসহ সব বিষয়ে বিস্তারিত নির্দেশনা দিয়েছে শিক্ষা বোর্ডগুলো। পরীক্ষার্থীরা সকাল সাড়ে ৮টা থেকে কেন্দ্রের ভেতরে প্রবেশ করতে পারবেন। তবে পরীক্ষা শুরুর অন্তত ৩০ মিনিট আগে সবাইকে নির্ধারিত কক্ষে প্রবেশ নিশ্চিত করতে হবে। বিশেষ পরিস্থিতিতে দেরিতে আসা শিক্ষার্থীদের তথ্য রেজিস্ট্রারে সংরক্ষণ করে প্রবেশের অনুমতি দেওয়া যাবে। এ বিষয়ে জানতে চাইলে ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক সৈয়দ আক্তারুজ্জামান বলেন, 'সুষ্ঠু ও নকলমুক্ত পরিবেশে এইচএসসি পরীক্ষা আয়োজনের জন্য সব ধরনের প্রস্তুতি সম্পন্ন হয়েছে। এবার নকল প্রতিরোধে ডিজিটাল নজরদারি চলবে।' তিনি আরও বলেন, 'অভিন্ন প্রশ্নপত্র হওয়ায় কোনো এলাকায় বড় ধরনের প্রাকৃতিক দুর্যোগ দেখা দিলে সারা দেশে এইচএসসি পরীক্ষা স্থগিত রাখা হতে পারে। তবে এ বিষয়ে ভিন্ন চিন্তাও রয়েছে। শিক্ষা মন্ত্রণালয় ও অন্যান্য শিক্ষা বোর্ডের সঙ্গে আলোচনা করে পরিস্থিতি বিবেচনায় তখন সিদ্ধান্ত নেওয়া হবে।'

আগৈলঝাড়ায় ব্রিজে রডের পরিবর্তে

একাধিকবার ব্রিজটি ভাঙার কথা বলা হয়। সোমবার বিকেলে উপজেলা নির্বাহী কর্মকর্তা লিখন বণিক ও উপজেলা প্রকৌশলী রবীন্দ্র চক্রবর্তীর উপস্থিতিতে ব্রিজটি ভাঙা হলে উত্তর পাশে রডের পরিবর্তে বাঁশ পাওয়া যায়।

শিক্ষার্থীর ওপর হামলার প্রতিবাদে

বিভাগসহ বিএম কলেজের সাধারণ শিক্ষার্থীরা সড়ক অবরোধ ও প্রশাসনিক ভবন ঘেরাও করে। এসময় তারা হামলার সুষ্ঠু বিচার দাবি করেন। অন্যথায় কঠোর আন্দোলনের হুঁশিয়ারি দেন শিক্ষার্থীরা। বিএম কলেজ অধ্যক্ষ অধ্যাপক শেখ মো. তাজুল ইসলাম বলেন, শিক্ষার্থীদের অভিযোগ শুনেছি। তারা ক্যাম্পাসে বিক্ষোভ করেছে। বিষয়টি নিয়ে শিক্ষার্থীদের সঙ্গে বসে সমাধান করা হবে।

মানবতাবিরোধী অপরাধের মামলায়

১, ২, ৪, ৫ ও ৮ নম্বর অভিযোগ থেকে আসামিকে খালাস দেওয়া হয়। এটি সম্মিলিত দুই ট্রাইব্যুনালের ষষ্ঠ রায়। আর ট্রাইব্যুনাল-২ এর তৃতীয় রায়। এর আগে জুলাই হত্যার মানবতাবিরোধী অপরাধের পাঁচ মামলায় ক্ষমতাচ্যুত প্রধানমন্ত্রী শেখ হাসিনা, তার স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামালসহ ১৬ জনের মৃত্যুদণ্ড হয়। রায় ঘোষণা উপলক্ষে দুপুর পৌনে ২টার দিকে হাজতখানা থেকে ইনুকে এজলাসে তোলা হয়। ২টার কয়েক মিনিট আগে রায় পড়া শুরু করেন আদালত। এজলাসে তোলার সময় ইনু পুলিশকে তার হাত ধরতে নিষেধ করেন। তিনি সাদা পায়জামা-পাঞ্জাবি ও কফি কালারের জুতা পরিহিত অবস্থায় আসামির কাঠগড়ায় চেয়ারে পায়ের ওপর পা তুলে বসে রায় পড়া শোনেন। ইনুকে ৩ নম্বর অভিযোগে সাক্ষী রাইসুল হকসহ ভুক্তভোগীদের রাজনৈতিক নিপীড়ন, নির্যাতন ও আহত করার দায়ে ১০ বছরের সশ্রম কারাদণ্ড দেওয়া হয়। ৬ নম্বর অভিযোগে অপরাধের ষড়যন্ত্র, প্ররোচনা ও দুষ্কর্মে সংযোগের দায়ে ১০ বছরের সশ্রম কারাদণ্ডের পাশাপাশি এক লাখ টাকার অর্থদণ্ড দেওয়া হয়। এছাড়া ৭ নম্বর অভিযোগে অপরাধের ষড়যন্ত্রের দায়ে ১০ বছরের সশ্রম কারাদণ্ডের পাশাপাশি এক লাখ টাকার অর্থদণ্ড দেওয়া হয়। আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল আইন অনুযায়ী এই রায়ের বিরুদ্ধে এক মাসের মধ্যে সর্বোচ্চ আদালতে আপিল করার সুযোগ পাবেন জাসদ সভাপতি।

অনলাইন জুয়ায় ৭ বছর জেল

হওয়া নতুন আইনে অপরাধের ধরন অনুযায়ী ১৪ ধরনের কারাদণ্ড, অর্থদণ্ড অথবা উভয় দণ্ডের বিধান রাখা হয়েছে। গত ২৩ জুন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ জাতীয় সংসদে বিলটি উত্থাপন করেন। পরে বিলটি পরীক্ষা করে পাঁচ কার্যদিবসের মধ্যে প্রতিবেদন দেওয়ার জন্য আইন মন্ত্রণালয়-সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটিতে পাঠানো হয়। কমিটির সুপারিশের পর মঙ্গলবার বিলটি কণ্ঠভোটে পাস হয়। বিলের উদ্দেশ্য ও কারণ সংবলিত বিবৃতিতে স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, 'বিদ্যমান "দ্য পাবলিক গ্যাম্বলিং অ্যাক্ট, ১৮৬৭" দেড়শ বছরেরও বেশি পুরোনো আইন এবং বর্তমান সময়ের প্রযুক্তিনির্ভর জুয়ার ধরন মোকাবিলায় এটি আর যথেষ্ট নয়। সংবিধানের ১৮(২) অনুচ্ছেদে রাষ্ট্রকে জুয়া নিরোধে কার্যকর ব্যবস্থা গ্রহণের নির্দেশনা দেওয়া হয়েছে। এছাড়া ২০১৮ সালের জেলা প্রশাসক সম্মেলনে আইনটি যুগোপযোগী করে শাস্তির পরিমাণ বাড়ানোর সুপারিশ করা হয়েছিল।' তিনি বলেন, 'বর্তমানে অনলাইন জুয়া, স্পোর্টস বেটিং, ভার্চুয়াল ক্যাসিনো, ক্রিপ্টোকারেন্সিভিত্তিক জুয়া, ভুয়া সিম, ভুয়া মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিস (এমএফএস) অ্যাকাউন্ট, বায়োমেট্রিক জালিয়াতি, ভিপিএন, সামাজিক যোগাযোগমাধ্যম এবং ডিজিটাল পেমেন্ট ব্যবস্থার মাধ্যমে সংঘটিত জুয়া, অর্থপাচার ও প্রতারণা দেশের সামাজিক শৃঙ্খলা, অর্থনৈতিক স্থিতিশীলতা, জননিরাপত্তা এবং তরুণ সমাজের জন্য গুরুতর হুমকি হয়ে উঠেছে। এসব অপরাধ প্রতিরোধ এবং রাষ্ট্রের নৈতিক ও অর্থনৈতিক ভারসাম্য রক্ষায় আধুনিক ও সমন্বিত আইন প্রণয়ন প্রয়োজন হওয়ায় নতুন আইনটি আনা হয়েছে।' নতুন আইনের দ্বিতীয় অধ্যায়ে ১৪ ধরনের অপরাধ নির্ধারণ করা হয়েছে। এসবের মধ্যে রয়েছে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে জুয়ার সঙ্গে সম্পৃক্ততা, অনলাইন বা দূরবর্তী জুয়া পরিচালনা, অনলাইন বেটিং, জুয়ার স্থান পরিচালনা, নিয়ন্ত্রণ, রক্ষণাবেক্ষণ বা ব্যবহার, জুয়ার সামগ্রী প্রস্তুত, সংরক্ষণ, বিক্রি, বিতরণ বা ব্যবহার, বাজিকর হিসেবে কার্যক্রম পরিচালনা, ম্যাচ ফিক্সিং ও স্পট ফিক্সিং, জুয়ার বিজ্ঞাপন, বিভ্রান্তিকর প্রচারণা, স্পন্সরশিপ, অ্যাফিলিয়েট মার্কেটিং ও রেফারেল ক্যাম্পেইন পরিচালনা, ভিপিএন, প্রক্সি, মিরর সাইট, হোস্টিং, ডোমেইন সার্ভিস বা ক্লাউড অবকাঠামো ব্যবহার করে জুয়া পরিচালনা, ভুয়া সিম, ঘোস্ট সিম, ভুয়া এমএফএস অ্যাকাউন্ট ও বায়োমেট্রিক জালিয়াতির মাধ্যমে জুয়া পরিচালনা এবং জুয়ার অর্থ লেনদেন, অর্থপাচার ও ক্রিপ্টোকারেন্সি ব্যবহার। আইনে সাধারণ জুয়ার অপরাধের জন্য সর্বোচ্চ দুই বছর কারাদণ্ড বা দুই লাখ টাকা অর্থদণ্ড অথবা উভয় দণ্ডের বিধান রাখা হয়েছে। অনলাইন বা দূরবর্তী জুয়ার ক্ষেত্রে সর্বোচ্চ পাঁচ বছর কারাদণ্ড এবং এক কোটি টাকা পর্যন্ত অর্থদণ্ড, অনলাইন বেটিংয়ের জন্য সর্বোচ্চ সাত বছর কারাদণ্ড ও পাঁচ কোটি টাকা পর্যন্ত অর্থদণ্ড নির্ধারণ করা হয়েছে। জুয়ার স্থান পরিচালনা, নিয়ন্ত্রণ বা ব্যবহারের জন্য সর্বোচ্চ পাঁচ বছর কারাদণ্ড ও চার লাখ টাকা অর্থদণ্ডের পাশাপাশি আদালতের আদেশে সংশ্লিষ্ট ভবন, কক্ষ, যানবাহন, সার্ভার অবকাঠামো বা সম্পত্তি বাজেয়াপ্ত করা যাবে। জুয়ার সামগ্রী সংরক্ষণ, প্রস্তুত, সরবরাহ, বিক্রি, বিতরণ, আমদানি বা ব্যবহারের জন্য সর্বোচ্চ তিন বছর কারাদণ্ড ও ১০ লাখ টাকা অর্থদণ্ড এবং আদালতের মাধ্যমে এসব সামগ্রী বাজেয়াপ্ত বা ধ্বংসের নির্দেশ দেওয়ার ক্ষমতা রাখা হয়েছে। বাজিকর হিসেবে কার্যক্রম পরিচালনার জন্য সর্বোচ্চ সাত বছর কারাদণ্ড ও পাঁচ কোটি টাকা অর্থদণ্ডের বিধান রয়েছে। ম্যাচ ফিক্সিংয়ের জন্য সর্বোচ্চ সাত বছর কারাদণ্ড ও এক কোটি টাকা অর্থদণ্ড এবং স্পট ফিক্সিংয়ের জন্য সর্বোচ্চ পাঁচ বছর কারাদণ্ড ও ৫০ লাখ টাকা অর্থদণ্ড নির্ধারণ করা হয়েছে। আদালত দোষী ব্যক্তিকে নির্দিষ্ট সময়ের জন্য অথবা স্থায়ীভাবে সংশ্লিষ্ট খেলাধুলা, প্রতিযোগিতা বা ক্রীড়া কার্যক্রমে অংশগ্রহণে অযোগ্য ঘোষণা করতে পারবেন। একইভাবে জুয়ার বিজ্ঞাপন, বিভ্রান্তিকর প্রচারণা, মিথ্যা লাভের প্রতিশ্রুতি, স্পন্সরশিপ, অ্যাফিলিয়েট মার্কেটিং বা রেফারেল ক্যাম্পেইন পরিচালনার জন্য ব্যক্তি, প্রতিষ্ঠান, গণমাধ্যম, ডিজিটাল প্ল্যাটফর্ম, ইনফ্লুয়েন্সার, শিল্পী, খেলোয়াড় বা সেলিব্রিটিকে সর্বোচ্চ তিন বছর কারাদণ্ড ও ৫০ লাখ টাকা অর্থদণ্ডে দণ্ডিত করার বিধান রাখা হয়েছে। ভিপিএন, প্রক্সি, মিরর সাইট, হোস্টিং, ডোমেইন সার্ভিস, ক্লাউড অবকাঠামো বা কনটেন্ট ডেলিভারি নেটওয়ার্ক ব্যবহার করে জুয়া পরিচালনার জন্য সর্বোচ্চ সাত বছর কারাদণ্ড ও পাঁচ কোটি টাকা অর্থদণ্ড নির্ধারণ করা হয়েছে। ভুয়া সিম, ঘোস্ট সিম, ভুয়া এমএফএস অ্যাকাউন্ট বা বায়োমেট্রিক জালিয়াতির মাধ্যমে জুয়া পরিচালনার জন্য সর্বোচ্চ সাত বছর কারাদণ্ড ও ৫০ লাখ টাকা অর্থদণ্ড এবং সংঘবদ্ধভাবে বা অর্থপাচারের উদ্দেশ্যে এ অপরাধ সংঘটিত হলে সর্বোচ্চ ১০ বছর কারাদণ্ড ও পাঁচ কোটি টাকা অর্থদণ্ডের বিধান রাখা হয়েছে। জুয়ার অর্থ ব্যাংক, এমএফএস, ডিজিটাল ওয়ালেট, হাওলা, হুন্ডি বা ক্রিপ্টোকারেন্সির মাধ্যমে লেনদেন, গোপন বা বৈধ করার চেষ্টা করলে তা মানি লন্ডারিং প্রতিরোধ আইন, ২০১২-এর অধীন সম্পৃক্ত অপরাধ হিসেবে গণ্য হবে। আইনে আরও বলা হয়েছে, কোনো কোম্পানি, করপোরেট সংস্থা, ডিজিটাল গ্যাম্বলিং প্ল্যাটফর্ম, হোস্টিং প্রোভাইডার, পেমেন্ট গেটওয়ে বা অন্য কোনো প্রতিষ্ঠানের মাধ্যমে অপরাধ সংঘটিত হলে সংশ্লিষ্ট পরিচালক, নির্বাহী কর্মকর্তা, ব্যবস্থাপক, অংশীদার বা দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে দায়ী করা যাবে, যদি না তিনি প্রমাণ করতে পারেন যে অপরাধটি তার অজ্ঞাতসারে সংঘটিত হয়েছে এবং তা প্রতিরোধে তিনি যথাসাধ্য চেষ্টা করেছেন। প্রতিষ্ঠানটিকেও পৃথকভাবে অভিযুক্ত করা যাবে এবং আদালত প্রয়োজনে তাদের নিবন্ধন, লাইসেন্স বা কার্যক্রম স্থগিত, বাতিল বা নিষিদ্ধ করতে পারবেন। একই অপরাধ পুনরায় সংঘটিত হলে সর্বোচ্চ শাস্তির দ্বিগুণ পর্যন্ত দণ্ড দেওয়ার বিধান রাখা হয়েছে। নতুন আইনে অপরাধে ব্যবহৃত বা অপরাধ থেকে অর্জিত অর্থ, সম্পদ, ব্যাংক হিসাব, এমএফএস অ্যাকাউন্ট, ডিজিটাল ওয়ালেট, ক্রিপ্টো সম্পদ, সার্ভার, ডোমেইন, সিম, ডিভাইসসহ অন্যান্য সম্পদ বাজেয়াপ্ত করার ক্ষমতা আদালতকে দেওয়া হয়েছে। অনলাইন জুয়া, অনলাইন বেটিং এবং সাইবার স্পেসে সংঘটিত অপরাধের বিচার সাইবার ট্রাইব্যুনালে হবে। অন্য অপরাধের বিচার হবে এখতিয়ারসম্পন্ন ফৌজদারি আদালতে। আইনের অধীন সব অপরাধ আমলযোগ্য, জামিন অযোগ্য এবং আপস অযোগ্য হিসেবে গণ্য হবে। তদন্তের ক্ষেত্রে সাব-ইন্সপেক্টরের নিচের পদমর্যাদার কোনো পুলিশ কর্মকর্তা দায়িত্ব পালন করতে পারবেন না এবং প্রয়োজন হলে আদালতের অনুমতি নিয়ে অভিযুক্তের ব্যাংক হিসাব, এমএফএস অ্যাকাউন্ট, ডিজিটাল ওয়ালেট বা ক্রিপ্টো ওয়ালেট সাময়িকভাবে ফ্রিজ করা যাবে। এছাড়া সরকার বা সরকার-নির্ধারিত কর্তৃপক্ষ জনস্বার্থে জুয়া বা বেটিং-সংশ্লিষ্ট ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, সার্ভার, ডোমেইন, আইপি অ্যাড্রেস, ইউআরএল, সামাজিক যোগাযোগমাধ্যমের পেজ, গ্রুপ, চ্যানেল এবং ডিজিটাল গ্যাম্বলিং প্ল্যাটফর্ম ব্লক, অপসারণ বা নিষিদ্ধ করতে পারবে। জুয়ার অর্থে ব্যবহৃত ব্যাংক হিসাব, এমএফএস, পেমেন্ট গেটওয়ে, ডিজিটাল ওয়ালেট ও ক্রিপ্টো ওয়ালেট বন্ধের নির্দেশও আদালত দিতে পারবেন। পাশাপাশি জুয়া, অনলাইন জুয়া, বেটিং, অর্থপাচার ও সংশ্লিষ্ট অপরাধ প্রতিরোধে একটি জাতীয় ডিজিটাল ব্ল্যাকলিস্ট ডেটাবেজ প্রণয়ন, এনআইডি-সিম-এমএফএস লিংকিং সিস্টেম বাস্তবায়ন, বায়োমেট্রিক ও ফেসিয়াল রিকগনিশনভিত্তিক যাচাই ব্যবস্থা চালু এবং আইন প্রয়োগকারী সংস্থা, গোয়েন্দা সংস্থা ও সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের প্রতিনিধিদের সমন্বয়ে একটি আন্তঃসংস্থা টাস্কফোর্স গঠনের বিধান রাখা হয়েছে। সরকারের মতে, নতুন এই আইন কার্যকর হলে আধুনিক প্রযুক্তিনির্ভর জুয়া, অনলাইন বেটিং, ডিজিটাল আর্থিক প্রতারণা ও অর্থপাচার প্রতিরোধে কার্যকর আইনি কাঠামো প্রতিষ্ঠিত হবে এবং দেশের সামাজিক শৃঙ্খলা, জননিরাপত্তা ও অর্থনৈতিক স্থিতিশীলতা রক্ষায় গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

বরিশালে মাছের দামে হাঁসফাঁস

তেলাপিয়া ১২০ টাকা থেকে ১৬০ টাকা কেজি ও পাঙ্গাশ ১৫০ থেকে ১৮০ টাকা পর্যন্ত কেজিতে বিক্রি হচ্ছে। পাশাপাশি আগের তুলনায় বেড়েছে সামুদ্রিক মাছের দামও। পাইকারি সবজির বাজার বহুমুখী সিটি মার্কেটঘুরে দেখা গেছে, বেশ কিছুদিন ধরেই কাঁচামরিচ ২৫ থেকে ৩০ টাকা, শসা ১২ টাকা, বেগুন ৬০ থেকে ৬৫ টাকা, করল্লা ২০ থেকে ৩০ টাকা, পেঁপে ১৫ থেকে ২০ টাকা, লাউ প্রতি পিস ২০ টাকা, মিষ্টি কুমড়া ২০ টাকা, টমেটো (ইন্ডিয়ান) ৭০ থেকে ৮০ টাকা, চিচিঙ্গা ১০ টাকা, ঝিঙে ১৫ থেকে ২০ টাকা, ঢেঁড়স ১৫ টাকা, পটল ৭ টাকা, লেবু হালি ৫ টাকা দরে বিক্রি হচ্ছে। এসব সবজি খুচরা বাজারে দ্বিগুণ দামে বিক্রি করতে দেখা গেছে। খুচরা বাজার ঘুরে দেখা গেছে, কাঁচামরিচ ৫০ থেকে ৬০ টাকা, শসা ৩০ টাকা, বেগুন ৮০ থেকে ৯০ টাকা, করল্লা ৫০ টাকা, পেঁপে ২৫ থেকে ৩০ টাকা, লাউ প্রতি পিস ৩০ টাকা, মিষ্টি কুমড়া ৩০ টাকা, টমেটো (ইন্ডিয়ান) ৯০ থেকে ১০০ টাকা, চিচিঙ্গা ২০ টাকা, ঝিঙে ২৫ থেকে ৩৫ টাকা, ঢেঁড়স ৩০ টাকা, পটল ২০ টাকা, লেবু হালি ১২ থেকে ১৫ টাকা দরে বিক্রি হচ্ছে। এদিকে কিছু দিন ধরেই বরিশালের বাজারে ব্রয়লার মুরগির দাম প্রতি কেজি ১৬০ টাকা দরে বিক্রি হচ্ছে। এছাড়া সোনালি মুরগি ২৭০ থেকে ২৮০ টাকা এবং লেয়ার ২৯০ থেকে ৩১০ টাকা দরে বিক্রি হচ্ছে। গরুর মাংস ৮০০ টাকা ও খাসির মাংস ১২০০ টাকা কেজি বিক্রি হচ্ছে। মুশফিকুর রহমান নামে এক ক্রেতা বলেন, আগে এক হাজার টাকা নিয়ে বাজারে আসলে মাছ সবজি দুটোই কেনা যেত, এখন এক হাজার টাকায় এক ধরনের মাছই কিনতে পারা যায় না। আর ইলিশ তো এখন সাধ্যের বাইরে চলে গেছে। নগরীর বাংলাবাজারের খুচরা ব্যবসায়ী তৌহিদ বলেন, পাইকারি বাজার থেকে সবজি কিনে দোকান পর্যন্ত আনতে খরচ, ভ্যান ভাড়া দিয়ে আনতে হয়। পরে বাজারে বিক্রি করতে হলে ইজারা, বিদ্যুৎ বিল দিতে হয়। যে কারণে পাইকারি বাজারের তুলনায় খুচরা বাজারের দাম কিছুটা বেশি।

জুনে মব সহিংসতায় নিহত

আগের মাসে এই ধরনের সহিংসতায় নিহতের সংখ্যা ছিল ৩২ এবং আহত হয়েছিলেন ৭১ জন। সেই হিসাবে মাত্র এক মাসের ব্যবধানে মব সহিংসতায় প্রাণহানির ঘটনা প্রায় অপরিবর্তিত থাকলেও আহতের হার আশঙ্কাজনকভাবে প্রায় ৭৭ শতাংশ বৃদ্ধি পেয়েছে। দেশের সামগ্রিক মানবাধিকার পরিস্থিতি পর্যালোচনা করে মানবাধিকার সংস্কৃতি ফাউন্ডেশন (এমএসএফ) মঙ্গলবার এক বিজ্ঞপ্তির মাধ্যমে এই প্রতিবেদন প্রকাশ করেছে। দেশের বিভিন্ন সংবাদপত্রে প্রকাশিত প্রতিবেদন এবং নিজস্ব অনুসন্ধানের ওপর ভিত্তি করে এই প্রতিবেদন তৈরি করে এমএসএফ। মানবাধিকার লঙ্ঘনের বিভিন্ন ঘটনার সংখ্যা তুলে ধরে সংগঠনটি বলেছে, জুন মাসে বাংলাদেশের সামগ্রিক মানবাধিকার পরিস্থিতি উল্লেখযোগ্যভাবে অবনতির দিকে গেছে এবং অধিকতর অস্থিতিশীল রূপ ধারণ করেছে। বিশেষ করে রাজনৈতিক সহিংসতা, মব সহিংসতা, ব্যাপক গ্রেপ্তার, অজ্ঞাত লাশ উদ্ধার এবং সীমান্ত পরিস্থিতির অবনতি এসব সূচকে উদ্বেগজনক ঊর্ধ্বগতি লক্ষ করা গেছে, যা আইনের শাসন ও মানবাধিকার সুরক্ষাব্যবস্থার দুর্বলতাকে স্পষ্টভাবে নির্দেশ করে। এমএসএফের তথ্য অনুযায়ী, জুন মাসে রাজনৈতিক সহিংসতায় ৩০৩ জন আহত এবং দলীয় সংঘর্ষে ৭ জন নিহত হয়েছেন। সংগঠনটি বলছে, রাজনৈতিক সহিংসতা ধারাবাহিকভাবে বৃদ্ধি পেয়েছে। দলীয় ও অজ্ঞাত ব্যক্তিদের হামলা, উভয় ক্ষেত্রেই হতাহতের সংখ্যা দ্বিগুণের বেশি হওয়া থেকে বোঝা যায়, রাজনৈতিক পরিবেশ ক্রমেই সহিংস ও অনিরাপদ হয়ে উঠছে। এমএসএফের প্রতিবেদনের তথ্য বলছে, জুন মাসে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর হেফাজতে একজনের মৃত্যু হয়েছে। আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সঙ্গে গোলাগুলির ঘটনায় নিহত হয়েছে তিনজন। কারা হেফাজতে মৃত্যু হয়েছে ৯ জনের। মে মাসে মব সহিংসতায় নিহত ৩২, ছয় মাসের মধ্যে সর্বোচ্চ: এমএসএফমে মাসে মব সহিংসতায় নিহত ৩২, ছয় মাসের মধ্যে সর্বোচ্চ: এমএসএফ এ মাসে সাংবাদিকদের ওপর নির্যাতন, হামলা ও হুমকির ঘটনা ঘটেছে ১৯টি। আইনি হয়রানির শিকার হয়েছেন ৬ জন, গ্রেপ্তার হয়েছেন ৩ জন অনলাইন পোর্টালের সাংবাদিক। এমএসএফের তথ্য অনুযায়ী, জুন মাসে নদী, সড়ক, রেললাইন ও ফসলি জমিতে পড়ে থাকা অবস্থায় ৬৫টি অজ্ঞাত ও নামীয় লাশ উদ্ধার করা হয়েছে। মে মাসে এই সংখ্যা ছিল ৫৩। এমএসএফের সংগৃহীত তথ্য বলছে, জুনে ভারত ও মিয়ানমার সীমান্তে ৬ জন নিহত এবং ৩ জন গুলিবিদ্ধ হয়েছে। জুনে ভারত থেকে ৪২৩ জনকে পুশ ইনের চেষ্টা করা হয়। যার ফলে সীমান্ত এলাকায় বসবাসরত বাংলাদেশি নাগরিকেরা উৎকণ্ঠা ও আতঙ্কের জীবন যাপন করছেন। প্রতিবেদনে বলা হয়েছে, সীমান্তে সহিংসতা কিছু ক্ষেত্রে কমলেও ভারত থেকে পুশ ইনের চেষ্টা বৃদ্ধি পেয়েছে। যা একটি বড় মানবিক সংকটের আশঙ্কা তৈরি করছে। এটি আঞ্চলিক নিরাপত্তা ও কূটনৈতিক সম্পর্কের ওপরও প্রভাব ফেলতে পারে। এমএসএফের প্রতিবেদনের তথ্য বলছে, জুন মাসে ৩৪৮ জন নারী ও শিশু নির্যাতনের শিকার হয়েছেন। জুনে ৯ জন মৃত ও ২ জন জীবিতসহ মোট ১১ নবজাতককে পরিত্যক্ত অবস্থায় পাওয়া গেছে। এ ছাড়া এই মাসে মাদক কারবারিদের মধ্যে সংঘর্ষে ১৩ জন নিহত হয়েছে।

যুক্তরাষ্ট্র-ইরান সমঝোতার দুই সপ্তাহ

বেশ সুবিধাজনক হলেও এর বাস্তবায়ন এখনো অনিশ্চয়তায় রয়ে গেছে। দুই সপ্তাহ আগে স্বাক্ষরিত এই সমঝোতা অনুযায়ী, যুক্তরাষ্ট্রকে ইরানের জব্দ করা সম্পদ মুক্ত, ইরানের ওপর আরোপিত নিষেধাজ্ঞা প্রত্যাহার, ইরানি তেল রপ্তানির অনুমতি, ইরানের বন্দরগুলোর ওপর অবরোধ তুলে নেওয়া এবং দেশটির পুনর্গঠনের জন্য একটি তহবিল গঠন করতে হবে। এর বিনিময়ে ইরানকে হরমুজ প্রণালী দিয়ে চলাচলকারী জাহাজগুলোর নিরাপদ যাতায়াত নিশ্চিত এবং পারমাণবিক অস্ত্র তৈরি না করার অঙ্গীকার পুনর্ব্যক্ত করবে। তবে এই দুই সপ্তাহে একাধিক ঘটনা ঘটেছে, যা দেখে বোঝা যায় যে যুদ্ধবিরতি এখনো অত্যন্ত নাজুক অবস্থায় রয়েছে। সপ্তাহের শুরুতে হরমুজ প্রণালি দিয়ে চলাচলকারী দুটি জাহাজে হামলার পর যুক্তরাষ্ট্র ও ইরানের বাহিনী পাল্টাপাল্টি হামলা চালায়। ওই হামলার ফলে গুরুত্বপূর্ণ এই নৌপথে আবারও জাহাজ চলাচল ব্যাহত হয়। যদিও গত সপ্তাহে প্রণালি দিয়ে জাহাজ চলাচল উল্লেখযোগ্যভাবে বেড়েছিল, তা এখনো যুদ্ধ-পূর্ব সময়ের তুলনায় অনেক কম। এদিকে, সহিংসতা কমানোর লক্ষ্যে বিভিন্ন সমঝোতা থাকা সত্ত্বেও দক্ষিণ লেবাননে হিজবুল্লাহ যোদ্ধা ও ইসরায়েলি বাহিনীর মধ্যে সংঘর্ষ অব্যাহত রয়েছে। সমঝোতা স্মারকে বেশিরভাগ গুরুত্বপূর্ণ বিষয় পরবর্তী আলোচনার জন্য রেখে দেওয়া হয়েছে। তবে চূড়ান্ত চুক্তি নিয়ে আলোচনার জন্য নির্ধারিত ৬০ দিনের মধ্যে ইতোমধ্যে দুই সপ্তাহ পার হলেও মূল বিষয়গুলোতে কোনো দৃশ্যমান অগ্রগতি দেখা যায়নি। সমঝোতার একটি ধারা জটিল পরিস্থিতি তৈরি করেছে। সেখানে বলা হয়েছে, ইরানের জব্দ সম্পদ, ইরানি তেলের ওপর যুক্তরাষ্ট্রের নিষেধাজ্ঞা, হরমুজ প্রণালীতে জাহাজ চলাচল, ইরানি বন্দরের ওপর মার্কিন অবরোধ এবং দুই দেশের পাশাপাশি লেবাননের সংঘাত এসব ইস্যু নিষ্পত্তির পরই পরবর্তী আনুষ্ঠানিক আলোচনা শুরু হবে। ফলে আলোচনার ক্রম নির্ধারণ করাও কঠিন হয়ে পড়েছে। ইরান জানায়, কাতারে আটকে থাকা তাদের জব্দ সম্পদের অর্ধেক ফেরত দেওয়া হবে। তবে যুক্তরাষ্ট্রের কর্মকর্তারা বলেছেন, এখন পর্যন্ত কোনো সম্পদই মুক্ত করা হয়নি। অন্যদিকে, ইরান এখনো জোর দিয়ে বলছে, নির্ধারিত নৌপথ দিয়ে হরমুজ প্রণালি অতিক্রম করতে হলে তাদের অনুমতি নিতে হবে। কিন্তু ক্রমেই বেশি সংখ্যক জাহাজ ওমান উপকূলঘেঁষা বিকল্প পথ ব্যবহার করছে। সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয় ইরানের পারমাণবিক কর্মসূচি নিয়ে এখনো কোনো অর্থবহ বা আনুষ্ঠানিক আলোচনা শুরু হয়নি।

বিদ্যালয়ের নবনির্মিত ভবনের

পরিদর্শন করা হয়। একই সাথে নির্মাণকাজে ব্যবহৃত বিভিন্ন উপকরণের নমুনা সংগ্রহ করা হয়েছে। অভিযোগে উল্লেখিত বিভিন্ন বিষয় তদন্তে খতিয়ে দেখা হচ্ছে। তদন্তকারী কর্মকর্তা ফারহানা ইয়াসমিন বলেন, ‘অভিযোগের ভিত্তিতে প্রাথমিক তদন্ত শুরু হয়েছে। ভবন পরিদর্শন ও নমুনা সংগ্রহ করা হয়েছে। তদন্ত এখনো চলমান রয়েছে। বিস্তারিত তদন্ত শেষে পূর্ণাঙ্গ প্রতিবেদন দেয়া হবে।’ এর আগে বিদ্যালয়ের অভিভাবক, শিক্ষা অনুরাগী ও স্থানীয় সচেতন নাগরিকরা উপজেলা নির্বাহী কর্মকর্তার কাছে লিখিত অভিযোগ দেন। অভিযোগে ভবন নির্মাণে নিম্নমানের সামগ্রী ব্যবহার, প্লাস্টার ও রঙের কাজে ত্রুটি, দৃশ্যমান ফাটল এবং অনুমোদিত নকশা অনুযায়ী কাজ না হওয়ার বিষয় তুলে ধরা হয়। তবে ঠিকাদারি প্রতিষ্ঠান মেসার্স নির্ণয় এন্টারপ্রাইজের প্রোপ্রাইটর বাপ্পি কুণ্ডু তাদের বিরুদ্ধে ওঠা অভিযোগ অস্বীকার করেছেন। তার দাবি, নতুন ভবনে ছোটখাটো কিছু ত্রুটি থাকতে পারে। তদন্তে কোনো অনিয়ম প্রমাণিত হলে তা দ্রুত সংশোধন করা হবে। এদিকে, বিদ্যালয়ের অভিভাবক ও স্থানীয়রা সুষ্ঠু তদন্তের মাধ্যমে প্রকৃত চিত্র উদ্ঘাটন এবং দায়ীদের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের দাবি জানিয়েছেন।

বিদ্যুৎস্পৃষ্টে বড় ভাই নিহত

কালাম ও মোশাররফ বাড়ির সামনের বাগান থেকে একটি সুপারি গাছ কাটছিলেন, এ সময় পাশে থাকা বৈদ্যুতিক কেবলের সঙ্গে লেগে তারা দুইজন বিদ্যুৎস্পৃষ্ট হন। বিষয়টি আশপাশের লোকজন দেখতে গিয়ে দ্রুত তাদেরকে উদ্ধার করে প্রথমে চিকিৎসার জন্য বোরহানউদ্দিন উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিলে উন্নত চিকিৎসার জন্য ভোলা জেনারেল হাসপাতালে রেফার্ড করেন। দুপুর পৌনে ১টার দিকে কর্তব্যরত চিকিৎসক আবুল কালামকে মৃত ঘোষণা করেন। বিষয়টি নিশ্চিত করেছেন ভোলার ২৫০ শয্যা জেনারেল হাসপাতালের জরুরি বিভাগের কর্তব্যরত চিকিৎসক লামিয়া বিনতে হোসাইন বলেন, বিদ্যুৎস্পৃষ্ট হওয়া দুইজনকে হাসপাতালে আনা হয়েছিল, তাদের মধ্যে একজনকে আমরা মৃত পেয়েছি। এ ঘটনায় আহত একজন হাসপাতালে চিকিৎসাধীন।

ভাঙ্গা-কুয়াকাটা মহাসড়ক ৬ লেন করার

ও পেশাজীবী সংগঠনের নেতাকর্মীরা অংশ নেন। মানববন্ধনে বক্তারা বলেন, ‘দেশের অন্যতম পর্যটন কেন্দ্র কুয়াকাটা এবং দক্ষিণাঞ্চলের গুরুত্বপূর্ণ জেলা পটুয়াখালীর সঙ্গে রাজধানীসহ দেশের বিভিন্ন অঞ্চলের যোগাযোগের প্রধান মাধ্যম ভাঙ্গা-কুয়াকাটা মহাসড়ক। তবে এটি জনদুর্ভোগের কারণ হয়ে দাঁড়িয়েছে। বক্তারা আরও বলেন, ‘পর্যটন শিল্পের বিকাশ, ব্যবসা-বাণিজ্যের সম্প্রসারণ এবং দক্ষিণাঞ্চলের সার্বিক অর্থনৈতিক উন্নয়নের স্বার্থে মহাসড়কটি ৬ লেনে উন্নীত করা সময়ের দাবি। এটি বাস্তবায়ন হলে যাতায়াত আরও নিরাপদ, দ্রুত ও স্বাচ্ছন্দ্যময় হবে। মানববন্ধনে তারা ভাঙ্গা-কুয়াকাটা মহাসড়ক দ্রুত ৬ লেনে উন্নীত করতে সরকারের সংশ্লিষ্ট কর্তৃপক্ষের জরুরি উদ্যোগ ও প্রধানমন্ত্রীর হস্তক্ষেপ কামনা করেন।

‘ক্ষমতার মোহে বিএনপি জুলাই সনদ

জনগণের কাছে দেওয়া ইশতেহার ভঙ্গ করে দলীয় প্রশাসক নিয়োগ দিয়ে একক আধিপত্য বিস্তারের অপচেষ্টা করছে। তিনি আরও বলেন, দেশের জনগণ আজ নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের লাগামহীন মূল্যবৃদ্ধি, আইনশৃঙ্খলার অবনতি এবং নাগরিক দুর্ভোগে অতিষ্ঠ। জনগণের ন্যায্য দাবি ও অধিকার আদায়ের আন্দোলনকে আরও বেগবান করতে আগামী ১৮ জুলাই বরিশাল বিভাগীয় সমাবেশে বরিশাল নগরীর কেন্দ্রীয় ঈদগাহ ময়দানে জনতার ঢল নামবে ইনশাআল্লাহ এবং সেখান থেকে ১১ দলীয় ঐক্যের শীর্ষ নেতৃবৃন্দ দিকনির্দেশনামূলক বক্তব্য প্রদান করবেন। এ্যাডভোকেট হেলাল বিএনপি সরকারকে হুঁশিয়ার করে বলেন, আপনারা ক্ষমতাকে কুক্ষিগত না করে অনতিবিলম্বে গণভোটের রায় বাস্তবায়ন করুন। নতুবা বাংলাদেশ জামায়াতে ইসলামী সহ বিরোধী দলগুলো জনগণকে সাথে নিয়ে কঠিন থেকে কঠিনতর আন্দোলনের ডাক দিলে তা আপনাদের জন্য মোটেও মঙ্গল বয়ে আনবে না। এছাড়া আরও উপস্থিত ছিলেন কেন্দ্রীয় কর্মপরিষদ সদস্য ও বরিশাল মহানগরী আমীর মাওলানা জহির উদ্দিন মুহাম্মদ বাবর, কেন্দ্রীয় মজলিসে শুরা সদস্য ও অঞ্চল টিম সদস্য মাওলানা এ কে এম ফখরুদ্দিন খান রাজী, অঞ্চল টিম সদস্য অধ্যাপক শাহ্ আলম, বরিশাল জেলা আমীর অধ্যাপক আব্দুল জব্বার, ঝালকাঠি জেলা আমীর অ্যাড. হাফিজুর রহমান, পিরোজপুর জেলা আমীর তাফাজ্জল হোসাইন ফরিদ, পটুয়াখালী জেলা আমীর অ্যাড. নাজমুল হাসান, ভোলা জেলা আমীর জাকির হোসেন ও বরগুনা জেলা আমীর মাওলানা মুহিব্বুল্লাহ হারুনসহ জেলা দায়িত্বশীলবৃন্দ।

স্বামী জীবিত না মৃত জানেনা স্ত্রী

হয়ে থাকলে মামলা রুজু করে প্রতিবেদন দিতে দক্ষিণ আইচা থানার ওসিকে নির্দেশ দেন। আদালতে মামলার নথি সুত্রে জানা যায়, রুমা বেগম ১০জুন মামলাটি দায়ের করেন। আদালত ওই দিনই দক্ষিন আইচা থানার ওসিকে অবিলম্বে আদেশের অনুলিপি ও নালিশের অনুলিপি পাঠাতে আদালত সংশ্লিষ্টদের নির্দেশ দেন।২৮জুন পরবর্তী মামলার তারিখ ধার্য রাখেন। রুমা বেগমের অভিযোগ, তজুমদ্দিন উপজেলার উত্তর চাচড়া গ্রামের মো.আলমের ছেলে সলেমান(৪০) কে ইসলামী শরীয়া মোতাবেক বিয়ে করে দাম্পত্য জীবন ভালোই চলছিল। তাদের দু’জনই এটা দ্বিতীয় বিয়ে। সলেমনের সাবেক বাড়ি তজুমদ্দিন এবং স্ত্রীর রুমার বাড়ি লালমোহন এলাকায় হলেও বিয়ের পর থেকে তারা চরফ্যাশন উপজেলার নজরুল নগর ৯ নং ওয়ার্ডের চর নলুয়া এলাকায় স্থায়ী বাড়ি তৈরী করে বসবাস শুরু করেন। শালীর বৈঠকে হামলার কয়েকদিন পর তজুমদ্দিনের জনৈক ব্যক্তি মোবাইলে জানায়, তার স্বামী সলেমান মৃত্যু হয়েছে। তাকে দাফন করা হয়েছে তজুমদ্দিন নিজ বাড়ির এলাকায়। তবে কিভাবে মরলো, কোথায় দাফন করা হয়েছে স্ত্রী রুমা আজও জানেনা। স্বামী জীবিত, না মৃত, বা কোথায় দাফন করা হয়েছে? এমন প্রশ্নের জবাবের আশায় খোজ নিতে স্থানীয় প্রভাবশালী, সমাজপতি ও থানা প্রশাসনের দ্বারে দ্বারে ঘুরেও নিরুপায় রুমা আদালতে মামলাটি দায়ের করেন। আদালত দক্ষিণ আইচা থানার ওসি কে মামলাটি রুজু করে আদালতে প্রতিবেদন দাখিলের আদেশ দেন। আদালতের আদেশের ২০ দিনেও মামলাটি থানায় রুজু ও তদন্ত প্রতিবেদন দেয়নি পুলিশ। এ মামলার ধার্য তারিখ ২৮জুনে থাকলেও রুমা বেগম আদালতে হাজিরা দিতে গেলে নেয়া হয়নি তার হাজিরা। যার কারণে তিনি মামলাটির ভবিষ্যৎ নিয়ে উদ্বিগ্ন। এ বিষয়ে অভিযুক্ত বশির উল্যাহকে কল করলে বিষয়টি সম্পুর্ন বিথ্যা বলে দাবী করে তিনি জানান, সলেমন নৌকায় করে নদীতে মাছ ধরতে যায়। সেখানে তার শরিরে গোটার ব্যাথায় অসুস্থ হয়। সেখান থেকে নজরুলনগর গ্রামে ঝাড়ফুকে সুস্থ না হওয়ায় বরিশাল বিবির পুকুরপাড় একটি ক্লিনিকে চিকিৎসা করাই। সুফল না পেয়ে বরিশাল শেবাচিমে ভর্তির প্রস্তুতিকালে ভর্তির টিকেট হাতে নিতেই তার অবস্থার অবনিত হলে এম্বুলেন্সে উঠাই। সেখানে তার মৃত্যু হয়। তাকে দাপন করা হয় তজুদ্দিন উপজেলার বাবার বাড়ির গোরস্তানে। দাফন কালে তার স্ত্রী যায়নি। এ বিষয়ে গত ২৪ জুন মুটোফোনে দক্ষিণ আইচা থানার অফিসার ইন সার্চ (ওসি) আহসান কবির জানান, মারামারি ও নিখোঁজের ঘটনায় রুমা বেগম বাদী হয়ে আমার কাছে একটি অভিযোগ করেছে। অভিযোগ পেয়ে থানা পুলিশ নিয়ে ঘটনাস্থলে তদন্ত করেছি। তদন্ত রিপোর্ট রেকর্ড করে জিডিও করেছি। তবে আদালতের মামলা হয়েছে বাদির কাছে শুনেছি। আমি হাতে পাইনি। আদালতের নির্দেশনা পেলে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে।” এ ঘটনায় নিহতের পরিবার ও এলাকাবাসী দ্রুত মামলা রুজু ও সুষ্ঠু তদন্তের মাধ্যমে অভিযুক্তদের আইনের আওতায় আনার দাবি জানিয়েছে।

বিদ্যালয়ের ম্যানেজিং কমিটি গঠনে

রহমান। কিন্তু প্রধান শিক্ষক বিভিন্ন তালবাহানায় ফরম প্রদান করেননি। বিগত ২৪/৬/২০২৬ ইং তারিখ বিদ্যালয় এর ম্যানেজিং কমিটির বিষয়ে জানতে প্রধান শিক্ষকের কাছে জান অভিভাবক মোঃ মোখলেসুর রহমান, আর এতেই তার উপর ক্ষিপ্ত হন প্রধান শিক্ষক ইউনুস হোসেন। পরবর্তীতে গত ২৭-০৬-২০২৬ ইং তারিখ বিদ্যালয় এর অভিভাবকদের নিয়ে মিটিং ডাকা হলে সেখানে সকলের মতামতের ভিত্তিতে সেলেকশনের মাধ্যমে দুইজন পুরুষ ও দুইজন মহিলা অভিভাবক সদস্য নির্বাচিত করা হয় এবং একজন বিদ্যুৎসাহী পুরুষ ও একজন মহিলা করা হয়। পরবর্তীতে ৩০-৬- ২০২৬ ইং তারিখ সকাল ৮টায় পুনরায় প্রধান শিক্ষকের পক্ষে অভিভাবকদের ডেকে নির্বাচনের সিদ্ধান্ত নেয়া হলে বিকেল ৪টায় ফর্ম বিতরণ করার কথা বলা হয়। কিন্তু চারটার সময় কতিপয় শিক্ষক ফরম আনতে গেলে তাদেরকে নানান তালবাহানা দেখিয়ে ফরম দেয়া হয়নি। স্থানীয়দের ধারণা প্রধান শিক্ষক হোসেন অতীতের মত পকেট কমিটি করার জন্যই এ ধরনের তালবাহানা করে আসছেন। এ ব্যাপারে উপজেলা শিক্ষা অফিসার মোঃ রেজাউল করিমের বরাবরে একটি লিখিত অভিযোগ দায়ের করেন স্থানীয় অভিভাবকবৃন্দ।

ঢাকা-বরিশাল মহাসড়কে

আহত হয়েছেন। গৌরনদী হাইওয়ে থানা পুলিশ লাশ উদ্ধার ময়না তদন্তের জন্য বরিশাল মর্গে প্রেরন করেছে। এ ঘটনায় একটি হাইওয়ে থানায় মামলা দায়ের করা হয়েছে। গৌরনদী হাইওয়ে থানার অফিসার ইনচার্জ (ওসি) মোঃ মহসীন আহম্মেদ জানান, ঢাকা-বরিশাল মহাসড়কের গৌরনদী উপজেলার দক্ষিণ পালরদী তাঁত বোর্ডের সামনে (ফায়ার সার্ভিস অফিস সংলগ্ন) এলাকায় সোমবার রাত দশটার দিকে পিকআপ ভ্যান ও মোটরসাইকেলের মুখোমুখি সংঘর্ষের ঘটনা ঘটে। এ সময় মটরসাইকেল আরোহী তরুন মো.বাবুল ঘরামী ওরফে বাবু ঘরামী ছিটকে রাস্তায় পরে গেলে পিছন থেকে অতি দ্রুতগামি সাকুরা পরিবহনের চাপা দেয়। এতে ঘটনাস্থলেই বাবু ঘরামী নিহত হন। নিহত বাবু ঘরামী পাশ্ববর্তি মাদারীপুর জেলার কালকিনি উপজেলার পশ্চিম মেনাজদি গ্রামের সেলিম ঘরামীর ছেলে। অপর দুই যাত্রী আহত হয়। গৌরনদী ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের ষ্টেশন অফিসার মোঃ মিজানুর রহমান জানান, আহতদের উদ্ধার করে গৌরনদী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হলে অবস্থার অবনতি ঘটলে তাদের বরিশাল শের ই বাংলা মেডিকেল কলেজ হাসপাতালে পাঠানো হয়।

১৭ কোটি টাকা ব্যয়ে ২০ শয্যার

ফাঁকা পড়ে আছে। ধুলাবালিতে ঢেকে গেছে কক্ষগুলো। এক্স-রে, ইসিজিসহ প্রয়োজনীয় চিকিৎসা সরঞ্জামেরও কোনো ব্যবহার বা অস্তিত্ব চোখে পড়েনি। একটি কক্ষে একজন নার্স সীমিত পরিসরে কয়েকজনকে বিনামূল্যে ওষুধ দিচ্ছিলেন। তবে হাসপাতালের কোথাও নিয়মিত চিকিৎসা সেবার পরিবেশ দেখা যায়নি। স্থানীয় বাসিন্দাদের অভিযোগ, ২০২১ সালের ২৬ ফেব্রুয়ারি সাবেক সংসদ সদস্য ডা: মো: রুস্তম আলী ফরাজী হাসপাতালটির উদ্বোধন করলেও এরপর আর এটি পূর্ণাঙ্গভাবে চালু হয়নি। চিকিৎসক না থাকায় অধিকাংশ সময় হাসপাতাল বন্ধই থাকে। ফলে অসুস্থ রোগীদের বাধ্য হয়ে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স বা বরিশাল সদরে হাসপাতালে যেতে হয়। স্বাস্থ্য প্রকৌশল অধিদফতর ও উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স সূত্রে জানা গেছে, দু’টি স্টাফ কোয়ার্টারসহ হাসপাতালের মূল ভবন নির্মাণে ব্যয় হয়েছে ১৭ কোটি ৪৪ লাখ ৫০ হাজার টাকা। হাসপাতালের জন্য চারজন জুনিয়র কনসালটেন্ট, একজন আবাসিক মেডিক্যাল অফিসার, একজন অ্যাসিস্ট্যান্ট সার্জন, ছয়জন সিনিয়র স্টাফ নার্স, একজন মেডিক্যাল টেকনোলজিস্ট, একজন ফার্মাসিস্ট, একজন অফিস সহকারী-কাম-কম্পিউটার অপারেটর এবং একজন অফিস সহায়কের পদ অনুমোদিত রয়েছে। কিন্তু অধিকাংশ পদই দীর্ঘদিন ধরে শূন্য। স্থানীয় বাসিন্দাদের দাবি, হাসপাতালটি যেন চিকিৎসাকেন্দ্র নয়, পরিত্যক্ত ‘জঙ্গলবাড়ি’। কোটি কোটি টাকা ব্যয়ে নির্মিত হাসপাতালটি দ্রুত জনবল ও প্রয়োজনীয় সরঞ্জাম দিয়ে পূর্ণাঙ্গভাবে চালু করা হোক। অন্যথায় সরকারি অর্থে নির্মিত এই গুরুত্বপূর্ণ স্বাস্থ্যসেবা প্রতিষ্ঠানটি অব্যবহারে আরো নষ্ট হয়ে যাবে এবং এলাকার হাজারো মানুষ কাঙ্ক্ষিত চিকিৎসাসেবা থেকে বঞ্চিতই থেকে যাবে। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের আবাসিক মেডিক্যাল অফিসার সৌমিত্র সিনহা বলেন, ‘উদ্বোধনের পর জনবল সঙ্কটের কারণে হাসপাতালটি পূর্ণাঙ্গভাবে চালু করা সম্ভব হয়নি। বর্তমানে তিনজন নার্স ও দু’জন চিকিৎসকের মাধ্যমে সীমিত পরিসরে প্রাথমিক চিকিৎসাসেবা দেয়া হচ্ছে। এখন পর্যন্ত অর্থনৈতিক কোড চালু হয়নি। প্রয়োজনীয় জনবল নিয়োগ পেলে হাসপাতালটি পূর্ণাঙ্গভাবে চালু করা সম্ভব হবে।’

স্কুল ফিডিংয়ের ডিম-পাউরুটি আত্মসাৎ

বিভাগীয় কার্যক্রম শুরু করে। এর আগে গত ২৫ জুন বিকেল সাড়ে ৩টার দিকে উপজেলার চরাদি ইউনিয়নের রানিরহাট সরকারি প্রাথমিক বিদ্যালয়ে প্রধান শিক্ষিকার ব্যাগে স্কুল ফিডিং কর্মসূচির ২৪টি ডিম ও ২২ পিস পাউরুটি পাওয়া গেছে বলে অভিযোগ ওঠে। পরদিন ২৬ জুন প্রধান শিক্ষিকার ব্যাগে মিলল স্কুল ফিডিংয়ের ডিম-রুটি শিরোনামে বিভিন্ন প্রিন্ট ও ইলেকট্রনিক গণমাধ্যমে সংবাদ প্রকাশিত হয়। সংবাদ প্রকাশের পর জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা প্রধান শিক্ষিকার কাছে কারণ দর্শানোর নোটিশ (কৈফিয়ত তলব) জারি করেন। নোটিশে উল্লেখ করা হয়, প্রকাশিত সংবাদে প্রধান শিক্ষিকার ব্যাগ থেকে স্কুল ফিডিং কর্মসূচির খাদ্যসামগ্রী উদ্ধারের অভিযোগে সরকারের ভাবমূর্তি ক্ষুণ্ন হয়েছে এবং বিভিন্ন মহলে নেতিবাচক প্রতিক্রিয়ার সৃষ্টি হয়েছে। এ অবস্থায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ অনুযায়ী কেন তার বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে না, সে বিষয়ে তিন কর্মদিবসের মধ্যে লিখিত ব্যাখ্যা দাখিলের নির্দেশ দেওয়া হয়েছিলো। উপজেলা প্রাথমিক শিক্ষা অফিস সূত্রে জানা গেছে, প্রধান শিক্ষিকার লিখিত ব্যাখ্যা সন্তোষজনক না হওয়ায় জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তার সুপারিশক্রমে তার বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু করা হয়েছে। জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা মোহাম্মদ মোস্তফা কামাল স্বাক্ষরিত নোটিশে বলা হয়েছে, স্কুল ফিডিং কর্মসূচির ডিম ও পাউরুটি আত্মসাতের অভিযোগ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধি অনুযায়ী অসদাচরণ ও দুর্নীতির শাস্তিযোগ্য অপরাধ হিসেবে তাকে অভিযুক্ত করা হয়েছে।

স্বরূপকাঠি পৌরসভার ৪৩ কোটি

আরও কয়েকটি উন্নয়ন প্রকল্প বাস্তবায়নাধীন রয়েছে। তিনি জানান, পরিকল্পিত বর্জ্য ব্যবস্থাপনা, ডাম্পিং, মশক নিধন, পরিচ্ছন্নতা অভিযান এবং নাগরিক সেবার মানোন্নয়নের জন্য প্রয়োজনীয় বরাদ্দ রাখা হয়েছে। পাশাপাশি পৌরসভার নিজস্ব আয় বাড়াতে নতুন কিছু খাত চালুর পরিকল্পনাও রয়েছে। অসহায় ও দুস্থ মানুষের সহায়তার জন্য বিশেষ বরাদ্দ রাখা হয়েছে। সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে পৌর নির্বাহী কর্মকর্তা মো. সাইফুর রহমান বলেন, পৌরসভার সবচেয়ে বড় রাজস্ব আয়ের উৎস হলো হোল্ডিং ট্যাক্স। এ খাতে আদায়ের হার এখনো প্রত্যাশিত পর্যায়ে পৌঁছায়নি। তবে বিগত বছরের তুলনায় চলতি সময়ে হোল্ডিং ট্যাক্স আদায়ে উল্লেখযোগ্য অগ্রগতি হয়েছে। অনুষ্ঠানে নেছারাবাদ উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. আসাদুজ্জামান, নেছারাবাদ থানার অফিসার ইনচার্জ (ওসি) মো. মেহেদী হাসান, উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা মো. মাইনুল হাসানসহ স্থানীয় গণ্যমান্য ব্যক্তি ও সাংবাদিকরা উপস্থিত ছিলেন।

চরফ্যাশনে ১৮ হাজার

মালতিয়া প্রমুখ। এছাড়াও অনুষ্ঠানে উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের কর্মকর্তা-কর্মচারী, বিভিন্ন ইউনিয়নের উপ-সহকারী কৃষি কর্মকর্তাবৃন্দ, রাজনৈতিক ও সামাজিক ব্যক্তিবর্গ, গণমাধ্যমকর্মী এবং উপজেলার বিভিন্ন এলাকার শতাধিক কৃষক উপস্থিত ছিলেন। ?প্রধান অতিথির বক্তব্যে উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) রুমানা আফরোজ বলেন, সরকারের কৃষি প্রণোদনা কর্মসূচির লক্ষ্য হলো ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের উৎপাদন বৃদ্ধিতে সহায়তা করা এবং দেশের খাদ্য নিরাপত্তা নিশ্চিত করা। তিনি কৃষকদের সরকারি সহায়তা যথাযথভাবে কাজে লাগিয়ে অধিক উৎপাদনের আহ্বান জানান। ?অনুষ্ঠান শেষে অতিথিরা কৃষকদের হাতে প্রতীকীভাবে আমন ধানের বীজ, বিভিন্ন সবজির বীজ, হাইব্রিড মরিচের বীজ, সার, বৃক্ষের চারা ও অন্যান্য কৃষি উপকরণ তুলে দেন।

জীবন দক্ষতা শিক্ষার অগ্রগতি পর্যালোচনায় বার্ষিক সভা

কীর্তনখোলা রিপোর্ট

শিশুদের জীবন দক্ষতা উন্নয়নে পরিচালিত কার্যক্রমের অগ্রগতি মূল্যায়ন ও ভবিষ্যৎ পরিকল্পনা নিয়ে বরিশালে বার্ষিক শিখন পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠানে বক্তারা বলেন, পাঠ্যবইভিত্তিক শিক্ষার পাশাপাশি জীবন দক্ষতাভিত্তিক শিক্ষা শিশুদের আত্মবিশ্বাসী ও দায়িত্বশীল নাগরিক হিসেবে গড়ে তুলতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। মঙ্গলবার সকাল ১০টায় বরিশাল নগরীর হলিক্রস ওরিয়েন্টাল ইনস্টিটিউটে বরিশাল এরিয়া ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এডিপি), ওয়ার্ল্ড ভিশন বাংলাদেশের উদ্যোগে ‘বার্ষিক শিখন পর্যালোচনা সভাড়জীবন দক্ষতা বিষয়ক শিক্ষা’ শীর্ষক এ অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে জানানো হয়, বরিশাল নগরের ৩০টি ওয়ার্ডের প্রায় ৪০০ সুবিধাবঞ্চিত শিশুকে জীবন দক্ষতা বিষয়ক শিক্ষা কার্যক্রমের আওতায় এনে তাদের ব্যক্তিগত, সামাজিক ও নেতৃত্ব বিকাশে কাজ করছে বরিশাল এরিয়া ডেভেলপমেন্ট প্রোগ্রাম। সভায় প্রধান অতিথি ছিলেন উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা মো. নাছির উদ্দিন খলিফা। তিনি বলেন, শিশুদের বাস্তবমুখী শিক্ষা নিশ্চিত করতে জীবন দক্ষতা শিক্ষা সময়ের দাবি। পরিবার, বিদ্যালয় ও সামাজিক সংগঠনের সমন্বিত উদ্যোগে এ ধরনের কার্যক্রম আরও বিস্তৃত করা প্রয়োজন। সভায় সভাপতিত্ব করেন বরিশাল এরিয়া ডেভেলপমেন্ট প্রোগ্রামের সিনিয়র ম্যানেজার স্টিফেন হালদার রুবেন। বিশেষ অতিথি ছিলেন হলিক্রস ওরিয়েন্টাল ইনস্টিটিউটের নবাগত পরিচালক ফাদার মি. হিউবার্ণ যোসেফ পারমা, সিএসসি। অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন প্রোগ্রাম কর্মকর্তা আগস্টিন সরকার, আবদুস সালাম, পারুল বেগম, নিপা সরকারসহ বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষক, অভিভাবক ও সংশ্লিষ্ট ব্যক্তিরা। অনুষ্ঠানে অংশগ্রহণকারীরা জীবন দক্ষতা শিক্ষা কার্যক্রমের বিভিন্ন অভিজ্ঞতা তুলে ধরেন এবং শিশুদের সার্বিক বিকাশে এ উদ্যোগ আরও কার্যকরভাবে বাস্তবায়নের ওপর গুরুত্বারোপ করেন।

মাদকবিরোধী মিছিলকে কেন্দ্র করে হামলা, আহত ৫

কীর্তনখোলা রিপোর্ট

বরিশাল নগরীর ২৭ নম্বর ওয়ার্ডের ধর্মাদী মাদ্রাসা এলাকায় মাদকবিরোধী মিছিলকে কেন্দ্র করে প্রতিপক্ষের হামলায় অন্তত পাঁচজন আহত হওয়ার অভিযোগ উঠেছে। আহতরা বর্তমানে শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন। আহতদের মধ্যে রয়েছেন হুমায়ুন মৃধা, নজরুল মৃধা, আমিনুল মৃধাসহ পাঁচজন। আহত হুমায়ুন মৃধার অভিযোগ, গত ৩০ জুন (মঙ্গলবার) আসরের নামাজের পর ধর্মাদী মাদ্রাসা এলাকায় মাদক ব্যবসা ও চাঁদাবাজির বিরুদ্ধে স্থানীয়দের অংশগ্রহণে একটি মাদকবিরোধী মিছিল বের করা হয়। মিছিল চলাকালে এলাকার রুম্মান, জহির, জাহিদ, সুজন, মিজানসহ ৮ থেকে ১০ জন সশস্ত্র হয়ে তাদের ওপর হামলা চালায় বলে তিনি দাবি করেন। তার ভাষ্য অনুযায়ী, হামলাকারীরা ধারালো অস্ত্র দিয়ে এলোপাতাড়ি কুপিয়ে তাদের গুরুতর জখম করে। পরে স্থানীয়রা আহতদের উদ্ধার করে শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করেন। আহতদের পক্ষ থেকে জানানো হয়েছে, এ ঘটনায় সংশ্লিষ্টদের বিরুদ্ধে মামলা দায়েরের প্রস্তুতি চলছে। তবে অভিযোগে নাম উল্লেখ করা ব্যক্তিদের বক্তব্য তাৎক্ষণিকভাবে পাওয়া যায়নি। এছাড়া এ বিষয়ে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর আনুষ্ঠানিক বক্তব্যও পাওয়া যায়নি।

বানারীপাড়ার ছাত্রলীগ নেতা

প্রসঙ্গত, দলীয় কোন পদপদবী না থাকলেও অদম্য মেধাবী,নম্র-ভদ্র ও আদর্শবান উদিয়মান ছাত্রনেতা হিসেবে পরিচিত ফজলে রাব্বী বানারীপাড়ায় ছাত্রলীগের রাজনীতিতে ব্যাপক সক্রিয় ছিলেন। তিনি উপজেলা ছাত্রলীগের সভাপতি ও সাধারণ সম্পাদকের মধ্যে যেকোন একটি পদের প্রত্যাশী ছিলেন।

ভাণ্ডারিয়া পৌরসভার ২০২৬-২৭

রেখে বাজেট ঘোষণা করা হয়। প্রস্তাবিত বাজেটে রাজস্ব খাতে ৬কোটি ৮৭লাখ ২৩হাজার এবং উন্নয়ন খাতসহ মোট ১শত ৬কোটি ৭০লাখ ৭০হাজার টাকা আয় ধরা হয়েছে। এ উপলক্ষ্যে এক সভায় পৌর প্রশাসক মো.হাসিবুল হাসান এর সভাপতিত্বে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন,পৌর নির্বাহী কর্মকর্তা(সচিব) মো. আনোয়ার হোসেন,পৌর ইঞ্জিনিয়ার মো. গাজী নজরূল ইসলাম ও বিশিষ্ট সমাজসেবক মো. হায়দার হাওলাদার,মো.দেলোয়ার হোসেন বিপ্লব,আবুল কালাম আজাদ মলাদ জোমাদ্দার,মো. শামীম হাওলাদার প্রমূখ।

পিরোজপুরে ২৪ ঘণ্টায়

আক্রান্ত হয়ে গত ২৪ ঘণ্টায় বিভিন্ন সরকারি হাসপাতালে ১৪ জন ভর্তি হয়েছেন। উল্লেখ্য, জেলা হাসপাতাল ও বিভিন্ন উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ডেঙ্গুতে আক্রান্ত মোট ৪৭ জন রোগী ভর্তি রয়েছেন। এ ছাড়া একজন রোগী ডেঙ্গু আক্রান্ত হয়ে মারা গেছেন।

টরকী বন্দর বালিকা বিদ্যালয়ে

অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গৌরনদী উপজেলা বিএনপির সাবেক আহ্বায়ক ও বার্থী ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান আলহাজ আবুল হোসেন মিয়া। এছাড়াও উপস্থিত ছিলেন গৌরনদী পৌর বিএনপির আহ্বায়ক মো. জাকির হোসেন শরীফ, টরকী বন্দর ব্যবসায়ী সমিতির কোষাধ্যক্ষ অলিউল ইসলাম, বিদ্যালয়ের প্রধান শিক্ষক ব্রজেন্দ্রনাথ বিশ্বাস, মো. আনোয়ার হোসেনসহ বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষিকা, শিক্ষার্থী এবং স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ। প্রধান অতিথির বক্তব্যে আলহাজ আবুল হোসেন মিয়া বলেন, “পরিবেশ রক্ষা এবং আগামী প্রজন্মের জন্য একটি বাসযোগ্য বাংলাদেশ গড়ে তুলতে বৃক্ষরোপণের কোনো বিকল্প নেই। একটি গাছ শুধু অক্সিজেনই দেয় না, এটি মানুষের জীবন, জীববৈচিত্র্য ও পরিবেশের ভারসাম্য রক্ষায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। ‘ওয়ান চাইল্ড, ওয়ান ট্রি’ কর্মসূচির মাধ্যমে শিক্ষার্থীদের মধ্যে পরিবেশ সচেতনতা সৃষ্টি হবে এবং তারা ছোটবেলা থেকেই প্রকৃতি সংরক্ষণের দায়িত্ববোধ অর্জন করবে। প্রত্যেক শিক্ষার্থী যদি অন্তত একটি করে গাছ রোপণ করে নিয়মিত পরিচর্যা করে, তাহলে সবুজ, নিরাপদ ও সমৃদ্ধ বাংলাদেশ গড়ার লক্ষ্য বাস্তবায়ন অনেক সহজ হবে।” অনুষ্ঠানে বক্তারা বলেন, বৃক্ষ শুধু পরিবেশের ভারসাম্য রক্ষাই করে না, এটি প্রাকৃতিক দুর্যোগ মোকাবিলা, জীববৈচিত্র্য সংরক্ষণ, বায়ুদূষণ হ্রাস এবং ভবিষ্যৎ প্রজন্মের জন্য একটি বাসযোগ্য পৃথিবী গড়ে তুলতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। তাই প্রতিটি শিক্ষার্থীকে অন্তত একটি করে গাছ রোপণ ও পরিচর্যার দায়িত্ব নেওয়ার আহ্বান জানান তারা। বক্তারা আরও বলেন, শিক্ষাপ্রতিষ্ঠানভিত্তিক এ ধরনের সবুজায়ন কর্মসূচি শিক্ষার্থীদের মধ্যে পরিবেশ সচেতনতা বৃদ্ধি করবে এবং একটি সবুজ, পরিচ্ছন্ন ও টেকসই বাংলাদেশ বিনির্মাণে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। পাশাপাশি শিক্ষার্থীদের মাঝে প্রকৃতিপ্রেম, সামাজিক দায়িত্ববোধ ও পরিবেশ সংরক্ষণের মানসিকতা গড়ে তুলতেও এ ধরনের উদ্যোগ কার্যকর ভূমিকা রাখবে। অনুষ্ঠান শেষে অতিথিবৃন্দ বিদ্যালয় প্রাঙ্গণে বিভিন্ন প্রজাতির ফলজ, বনজ ও ঔষধি গাছের চারা রোপণ করেন। পরে শিক্ষার্থীদের মধ্যে গাছের চারা বিতরণ করা হয় এবং প্রতিটি চারা নিয়মিত পরিচর্যার মাধ্যমে সবুজ পরিবেশ গড়ে তোলার আহ্বান জানানো হয়।

যুক্তরাষ্ট্র-ইরান সমঝোতার দুই সপ্তাহ পরেও ঝুলে আছে যেসব ইস্যু

কীর্তনখোলা ডেস্ক
যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে যুদ্ধ স্থায়ীভাবে বন্ধের পথ তৈরি করবে এমন প্রত্যাশায় স্বাক্ষরিত সমঝোতা স্মারকের (এমওইউ) দুই সপ্তাহ পেরিয়ে গেলেও উল্লেখযোগ্য কোনো অগ্রগতি হয়নি। বিশ্লেষকদের মতে, সমঝোতাটি তেহরানের জন্য ৩ এর পাতায় দেখুন

দৈনিক
কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন
বরিশাল ॥ বুধবার ॥ ০১ জুলাই ২০২৬ ॥ ১৬ আষাঢ় ১৪৩৩

জুনে মব সহিংসতায় নিহত ৩৩, আহত বেড়েছে ৭৭ শতাংশ

কীর্তনখোলা ডেস্ক
দেশে আইন নিজের হাতে তুলে নেওয়ার সংস্কৃতি বা মব জাস্টিস কোনোভাবেই থামানো যাচ্ছে না। জুন মাসে দেশের বিভিন্ন স্থানে গণপিটুনি ও মব সহিংসতার ঘটনায় অন্তত ৩৩ জন নিহত এবং ১২৬ জন গুরুতর আহত হয়েছেন। এর ৩ এর পাতায় দেখুন

‘ক্ষমতার মোহে বিএনপি জুলাই সনদ বাস্তবায়নের অঙ্গীকার ভুলে গিয়েছে’

কীর্তনখোলা রিপোর্ট
ক্ষমতার মোহে বর্তমান সরকার জুলাই সনদ বাস্তবায়নের অঙ্গীকার ভুল গেছে বলে মন্তব্য করেছেন বাংলাদেশ জামায়াতে ইসলামীর সহকারী সেক্রেটারি জেনারেল অ্যাডভোকেট মুয়াযযম হোসাইন হেলাল। তিনি বরিশাল অঞ্চলের জেলা দায়িত্বশীলদের নিয়ে দ্বিমাসিক অঞ্চল দায়িত্বশীল বৈঠকে সভাপতির বক্তব্যে তিনি এসব কথা বলেন। এ্যাডভোকেট হেলাল আরও বলেন, গত জাতীয় সংসদ নির্বাচনের পূর্বে সকল রাজনৈতিক দল ঐক্যমত্য হয়ে সংসদ ভবনের দক্ষিণ প্লাজায় জুলাই সনদে স্বাক্ষর করেছিলো এবং সে অনুযায়ী জাতীয় নির্বাচন ও গণভোট হয়েছিল। সেই নির্বাচনে দেশের ৬৮ শতাংশ মানুষ নতুন বাংলাদেশ গঠনে সংস্কার ও সংবিধান সংস্কারের পক্ষে মত দিয়েছিল। কিন্তু বর্তমান বিএনপি সরকার দুই তৃত্বীয়াংশ আসন পেয়ে ক্ষমতার মোহে জুলাই সনদ বাস্তবায়নের অঙ্গীকার ভুলে গিয়েছে। তিনি বলেন, বিএনপি সরকার স্থানীয় নির্বাচন না দিয়ে ৩ এর পাতায় দেখুন

বরিশালে মাছের দামে হাঁসফাঁস স্থিতিশীল সবজির বাজার

কীর্তনখোলা রিপোর্ট
বরিশালের বাজারে কয়েক সপ্তাহ ধরে চড়া দামে বিক্রি হচ্ছে বিভিন্ন ধরনের মাছ। তবে স্থিতিশীল রয়েছে অধিকাংশ সবজির দাম। পাশাপাশি ব্রয়লার মুরগির দামও রয়েছে ক্রেতাদের নাগালে। মঙ্গলবার (৩০ জুন) সকালে বরিশাল নগরীর পোর্ট রোড মাছের বাজার ও বহুমুখী সিটি মার্কেটের পাইকারি সবজির বাজার ঘুরে এমন চিত্র দেখা গেছে। বরিশাল নগরীর পোর্ট রোড মাছ বাজার ঘুরে দেখা গেছে, রুই মাছ প্রতি কেজি আকারভেদে ২৫০ থেকে ৪০০ টাকা, কাতল আকারভেদে ২২০ থেকে ৫০০ টাকা, চিংড়ি ৮০০ থেকে ১২০০ টাকা, ভেটকি ৪০০ থেকে ৫৫০, পাবদা ৩৫০ থেকে ৪০০ টাকা, টেংরা ৫০০ থেকে ৭০০ টাকা, টাকি ২২০ থেকে ২৫০ টাকা দরে বিক্রি হচ্ছে। এছাড়া ৩ এর পাতায় দেখুন

ঢাকা-বরিশাল মহাসড়কে দুর্ঘটনায় নিহত ১

গৌরনদী প্রতিনিধি
ঢাকা-বরিশাল মহাসড়কের গৌরনদী উপজেলার দক্ষিণ পালরদীর তাঁত বোর্ডের সামনে (ফায়ার সার্ভিস অফিস সংলগ্ন) এলাকায় সোমবার গভীর রাতে পিকআপ ভ্যান ও মোটরসাইকেলের মুখোমুখি সংঘর্ষে ছিটকে পরে সাকুরার চাপায় মো.বাবুল ঘরামী ওরফে বাবু ঘরামী নামে এক তরুন নিহত ও ২ জন গুরুতরভাবে ৩ এর পাতায় দেখুন

স্বামী জীবিত না মৃত জানেনা স্ত্রী থানায় ও আদালতে ঘুরছে নারী

চরফ্যাশন প্রতিনিধি
ভোলার চরফ্যাশনে শ্যালক ভগ্নিপতির মধ্যে দেনা-পাওনা বিরোধের জেরে সলেমান (৪০) নামে এক ব্যাক্তিকে ২২মে তারিখে সালিশ বৈঠকে পিটিয়ে গুরুত্বর আহত করে। আহতকে চিকিৎসা দেয়ার নামে পরিকল্পিত ভাবে মেরে স্ত্রীকে না জানিয়ে গোপনে লাশ দাফনের অভিযোগ উঠে। এ ঘটনায় দক্ষিন আইচা থানায় সলেমনের স্ত্রী রুমা অভিযোগ করেন। কোন মামলা না

অভিযোগ পেয়ে পুলিশের কাছে কোন বিচার না পেয়ে নিহতের স্ত্রী রুমা বেগম বাদি হয়ে নিহতের ভগ্নিপতি বশির উল্যাহ মহাজনসহ ৫ জনকে বিবাদি করে চরফ্যাশন সিনিয়র জুডিসিয়াল ম্যাজিষ্ট্রেট আদালতে মামলাটি দায়ের করেন। যার মামলা নম্বর সি.আর ৫৯৩/২০২৬। বিজ্ঞ আদালত মৃত্যু সংক্রান্ত বিষয়ে ৩ এর পাতায় দেখুন

বিদ্যালয়ের ম্যানেজিং কমিটি গঠনে প্রধানশিক্ষকের বিরুদ্ধে অনিয়মের অভিযোগ

মুলাদী প্রতিনিধি
মুলাদীর কাজিরচরে ৯০ নং চর বাহাদুরপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ম্যানেজিং কমিটি গঠনে প্রধান শিক্ষকের বিরুদ্ধে অনিয়মের অভিযোগ পাওয়া গেছে। জানা গেছে মুলাদী উপজেলার কাজের চর ইউনিয়নের ৯০ নং চর বাহাদুরপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোঃ ইউনুস হোসেন এর কাছে ম্যানেজিং কমিটির নির্বাচনী ফরম আনতে যায় অভিভাবক মোকলেছুর ৩ এর পাতায় দেখুন

বিদ্যুৎস্পৃষ্টে বড় ভাই নিহত ছোট ভাই হাসপাতালে

বোরহানউদ্দিন প্রতিনিধি
ভোলার বোরহানউদ্দিনে সুপারি গাছ কাটতে গিয়ে বিদ্যুৎস্পৃষ্টে আবুল কালাম (৬০) নামে এক ব্যক্তি নিহত হয়েছেন। এ ঘটনায় মোশাররফ হোসেন (৪৫) নামে নিহতের ছোট ভাই গুরুতর আহত হয়েছেন, তাকে চিকিৎসার জন্য ভোলা জেনারেল হাসপাতালে ভর্তি করা হয়েছে। বৃহস্পতিবার (৩০ জুন) দুপুর ১২টার দিকে উপজেলার টগবী ইউনিয়নের ৫ নম্বর ওয়ার্ডের দালালপুর গ্রামের পন্ডিত বাড়িতে এ দুর্ঘটনা ঘটে। নিহত আবুল কালাম ওই একই বাড়ির বাসিন্দা মোফাজ্জল হোসেনের ছেলে। তিনি পেশায় একজন দিনমজুর ছিলেন এবং আহত মোশাররফ বিদেশফেরত, সম্প্রতি তিনি ছুটি কাটাতে দেশে এসেছিলেন। ভোলার ২৫০ শয্যা জেনারেল হাসপাতাল, পুলিশ ও স্বজনরা জানান, বৃষ্টির মধ্যে আবুল ৩ এর পাতায় দেখুন

টরকী বন্দর বালিকা বিদ্যালয়ে বৃক্ষরোপণ

এস এম ময়ন, গৌরনদী
প্রধানমন্ত্রী তারেক রহমান ঘোষিত পাঁচ বছরে ২৫ কোটি গাছের চারা রোপণের লক্ষ্যমাত্রা এবং ‘ওয়ান চাইল্ড, ওয়ান ট্রি’ কর্মসূচির অংশ হিসেবে বরিশালের গৌরনদী উপজেলার টরকী বন্দর মাধ্যমিক বালিকা বিদ্যালয়ে ফলজ, বনজ ও ঔষধি গাছের চারা রোপণ কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে। সোমবার (২৯ জুন) বিদ্যালয় প্রাঙ্গণে আয়োজিত এ কর্মসূচিতে শিক্ষার্থীদের মধ্যে পরিবেশ সংরক্ষণ, জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাব মোকাবিলা এবং সবুজ বাংলাদেশ গড়ে তোলার বিষয়ে সচেতনতা সৃষ্টি করা হয়। একই সঙ্গে প্রতিটি শিক্ষার্থীকে অন্তত একটি করে গাছ রোপণ ও পরিচর্যার মাধ্যমে পরিবেশ রক্ষায় সক্রিয় ভূমিকা রাখার আহ্বান জানানো হয়। বৃক্ষরোপণ কর্মসূচিতে প্রধান ৩ এর পাতায় দেখুন

ভাঙ্গা-কুয়াকাটা মহাসড়ক ৬ লেন করার দাবিতে পটুয়াখালীতে মানববন্ধন

পটুয়াখালী প্রতিনিধি
দক্ষিণাঞ্চলের ভাঙ্গা-কুয়াকাটা মহাসড়কে যানবাহনের সংখ্যা বাড়ার সঙ্গে সঙ্গে যানজট ও দুর্ঘটনা বৃদ্ধি পাচ্ছে। যা বর্তমানে জনদুর্ভোগের কারণ হয়ে দাঁড়িয়েছে। মহাসড়কটি দ্রুত ৬ লেন করার দাবিতে পটুয়াখালীতে মানববন্ধন অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার (৩০ জুন) সকালে পটুয়াখালী বাস টার্মিনাল সংলগ্ন সড়কে এ মানববন্ধনের আয়োজন করা হয়। এতে পটুয়াখালী চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি, জেলা বাস-মিনিবাস মালিক সমিতি, বাস-মিনিবাস শ্রমিক সমিতিসহ বিভিন্ন সামাজিক, সাংস্কৃতিক ৩ এর পাতায় দেখুন

চরফ্যাশনে ১৮ হাজার কৃষকের মাঝে সার বীজ ও চারা বিতরণ

চরফ্যাশন প্রতিনিধি
কৃষিই সমৃদ্ধি এই স্লোগানকে সামনে রেখে ২০২৫-২৬ অর্থবছরের খরিপ মৌসুমে কৃষি পুনর্বাসন সহায়তা খাতে প্রণোদনা কর্মসূচির আওতায় ভোলার চরফ্যাশন উপজেলায় ১৮ হাজার ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকের মাঝে বিনামূল্যে আমন ধানের বীজ, গ্রীষ্মকালীন শাকসবজির বীজ, হাইব্রিড মরিচের বীজ, সার, প্রধানমন্ত্রীর ঘোষণা অনুযায়ী ১০ হাজার বৃক্ষের চারা এবং অন্যান্য কৃষি উপকরণ বিতরণ কার্যক্রমের শুভ উদ্বোধন করা হয়েছে। মঙ্গলবার ৩০ জুন দুপুর ১২টায় উপজেলা পরিষদ সভাকক্ষে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে কৃষি উপকরণ বিতরণ কর্মসূচির উদ্বোধন করেন চরফ্যাশন উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) রুমানা আফরোজ। উপজেলা কৃষি উপ-সহকারী সানাউল্লাহ আজমের সঞ্চালনায় অনুষ্ঠানে স্বাগত বক্তব্য দেন উপজেলা কৃষি কর্মকর্তা কৃষিবিদ মো. নাজমুল হুদা। বিশেষ অতিথি হিসেবে বক্তৃতা করেন চরফ্যাশন উপজেলা বিএনপির সাবেক সহ-সভাপতি কয়সার আহমেদ কমল, সাবেক সাধারণ সম্পাদক মোতাহার হোসেন আলমগীর ৩ এর পাতায় দেখুন

স্কুল ফিডিংয়ের ডিম-পাউরুটি আত্মসাৎ শিক্ষিকার বিরুদ্ধে বিভাগীয় মামলা

বাকেরগঞ্জ প্রতিনিধি
বরিশালের বাকেরগঞ্জ উপজেলার রানিরহাট সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা রেশমা আক্তার মিষ্টির বিরুদ্ধে স্কুল ফিডিং কর্মসূচির ডিম ও পাউরুটি আত্মসাতের অভিযোগে বিভাগীয় মামলা হয়েছে। অভিযোগের বিষয়ে দেওয়া কৈফিয়তের জবাব সন্তোষজনক না হওয়ায় জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তার সুপারিশের ভিত্তিতে জেলা প্রাথমিক শিক্ষা কার্যালয় তার বিরুদ্ধে ৩ এর পাতায় দেখুন

ভাণ্ডারিয়া পৌরসভার ২০২৬-২৭ অর্থবছরের বাজেট ঘোষণা

ভাণ্ডারিয়া প্রতিনিধি
পিরোজপুরের ভাণ্ডারিয়া পৌরসভার ২০২৬–২০২৭অর্থবছরের বাজেট ঘোষণা করা হয়েছে। গতকাল মঙ্গলবার বিকালে পৌরসভা মিলনায়তনে বাজেট ঘোষণা করেন পৌর প্রশাসক ও উপজেলা নির্বাহী কর্মকর্তা মো.হাসিবুল হাসান। ১শ২২কোটি ২১লাখ ৪৯হাজার ৫৯৭ টাকার বাজেট ঘোষণা করা হয়। এর মধ্যে ১০,১৬১,০৮০,৬৬৫ টাকা ব্যায় এবং ৬১,০৬৮,৯৩২টাকা উদ্বৃত্ত ৩ এর পাতায় দেখুন

১৭ কোটি টাকা ব্যয়ে ২০ শয্যার হাসপাতালে নেই ১টিও শয্যা

মঠবাড়িয়া প্রতিনিধি
পিরোজপুরের মঠবাড়িয়ার টিয়ারখালীতে ২০ শয্যা হাসপাতাল নির্মাণে ব্যয় হয়েছে ১৭ কোটি ৪৪ লাখ ৫০ হাজার টাকা। পাঁচ বছর আগে উদ্বোধন হলেও আজও হাসপাতালটি পূর্ণাঙ্গভাবে চালু হয়নি। নামে ২০ শয্যা হাসপাতাল হলেও সেখানে একটি শয্যাও নেই। ডাক্তার, প্রয়োজনীয় জনবল ও চিকিৎসা সরঞ্জামের অভাবে হাসপাতালটি এখন প্রায় অচল। অব্যবহারে ভবনের বিভিন্ন অংশ নষ্ট হচ্ছে, হাসপাতাল চত্বরে গবাদিপশু চরছে, সিঁড়িতে পড়ে আছে ছাগলের মলমূত্র। মঙ্গলবার (৩০ জুন) সরেজমিনে গিয়ে দেখা যায়, হাসপাতালের প্রধান ফটক খোলা থাকলেও দোতলা ভবনের কোথাও রোগীর উপস্থিতি নেই। হাসপাতালের অধিকাংশ কক্ষ ৩ এর পাতায় দেখুন

বিদ্যালয়ের নবনির্মিত ভবনের নির্মাণকাজে অনিয়ম, তদন্ত শুরু

রাজাপুর প্রতিনিধি
ঝালকাঠির রাজাপুর উপজেলার ৯১ নম্বর পশ্চিম রাজাপুর ইসলামিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের নবনির্মিত ভবনের নির্মাণকাজে অনিয়মের অভিযোগ এবং গণমাধ্যমে সংবাদ প্রকাশের পর তদন্ত শুরু হয়েছে। উপজেলা প্রশাসনের উদ্যোগে প্রাথমিক তদন্ত কার্যক্রম শুরু হয়। তদন্তে নেতৃত্ব দেন উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী ফারহানা ইয়াসমিন। এ সময় উপজেলা প্রকৌশলীর একজন প্রতিনিধি এবং উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসের একজন প্রতিনিধিও উপস্থিত ছিলেন। তদন্তকালে ভবনটি সরেজমিনে ৩ এর পাতায় দেখুন

পিরোজপুরে ২৪ ঘণ্টায় ভর্তি ১৪ জন ডেঙ্গু রোগী

পিরোজপুর প্রতিনিধি
পিরোজপুরে ডেঙ্গুতে আক্রান্ত রোগীর সংখ্যা বাড়ছে। গত ২৪ ঘণ্টায় ডেঙ্গুতে আক্রান্ত হয়ে বিভিন্ন হাসপাতালে ভর্তি হয়েছেন ১৪ জন। জানা গেছে, পিরোজপুর জেলা হাসপাতালে আটজন, নেছারাবাদ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স চারজন ও নাজিরপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে দুজন ডেঙ্গুতে আক্রান্ত রোগী ভর্তি হন। জেলা হাসপাতালে ডেঙ্গু আলাদা কর্নার খুললেও রোগীর চাপ বাড়ছে। রোগী ও স্বজনেরা জানান, ডেঙ্গু কর্নারে সাধারণ রোগীদের সঙ্গে ডেঙ্গু রোগীদের সেবা দেওয়া হচ্ছে। পিরোজপুরের সিভিল সার্জন মো. মতিউর রহমান জানান, পিরোজপুর জেলা হাসপাতালে ধারণক্ষমতার চেয়ে দ্বিগুণ রোগী ভর্তি রয়েছেন। ডেঙ্গুতে ৩ এর পাতায় দেখুন

বানারীপাড়ার ছাত্রলীগ নেতা ফজলে রাব্বী ঢাকায় গ্রেফতার

কীর্তনখোলা রিপোর্ট
বরিশালের বানারীপাড়ার কার্যক্রম নিষিদ্ধ ছাত্রলীগ নেতা ফজলে রাব্বীকে রাজধানী থেকে গ্রেফতার করেছে পুলিশ। মঙ্গলবার (৩০ জুন) তাকে মিরপুর মডেল থানায় দায়েরকৃত একটি সন্ত্রাস বিরোধী আইনের মামলায় গ্রেফতার দেখিয়ে ঢাকার সি এম এম আদালতে তোলা হয়। এসময় আসামি পক্ষের আইনজীবী রাজু হাওলাদার পলাশ তার জামিনের আবেদন করেন। ঢাকার সি এম এম আদালতের (২৩ নং আদালত) বিচারক কামাল উদ্দিন জামিন না মঞ্জুর করে আসামী ফজলে রাব্বীকে জেল হাজতে প্রেরণ করেন। এর আগে সোমবার (২৯ জুন) সকালে রাজধানীর মিরপুর-১০ নম্বরের মেট্রোরেল স্টেশন থেকে তাকে গ্রেফতার করা হয়। ৩ এর পাতায় দেখুন

স্বরূপকাঠি পৌরসভার ৪৩ কোটি ৪৯ লাখ টাকার বাজেট ঘোষণা

নেছারাবাদ প্রতিনিধি
পিরোজপুরের নেছারাবাদ উপজেলার স্বরূপকাঠি পৌরসভার ২০২৬-২৭ অর্থবছরের জন্য ৪৩ কোটি ৪৯ লাখ ৯১ হাজার ৯১ টাকার বাজেট ঘোষণা করা হয়েছে। মঙ্গলবার (৩০ জুন) দুপুরে পৌরসভা মিলনায়তনে আয়োজিত অনুষ্ঠানে পৌরসভার প্রশাসক ও নেছারাবাদ উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) অমিত দত্ত পৌর এলাকার বিশিষ্টজন ও সাংবাদিকদের উপস্থিতিতে এ বাজেট ঘোষণা করেন। ঘোষিত বাজেটে নতুন কোনো কর আরোপ বা বিদ্যমান কর বৃদ্ধি করা হয়নি। মোট ৪৩ কোটি ৪৯ লাখ ৯১ হাজার ৯১ টাকা আয়ের বিপরীতে ৪২ কোটি ৯৯ লাখ ১০ হাজার ৩১০ টাকা ব্যয়ের পরিকল্পনা করা হয়েছে। ফলে অর্থবছর শেষে ৫০ লাখ ৮০ হাজার ৭৮১ টাকা উদ্বৃত্ত থাকার লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। বাজেট ঘোষণা অনুষ্ঠানে অমিত দত্ত বলেন, পৌরবাসীর জন্য নিরাপদ পানি সরবরাহ নিশ্চিত করতে একটি বৃহৎ প্রকল্পের কাজ চলমান রয়েছে। এছাড়া সড়ক ও ড্রেনেজ ব্যবস্থার উন্নয়নে ইতোমধ্যে উল্লেখযোগ্য কাজ সম্পন্ন হয়েছে এবং ৩ এর পাতায় দেখুন

মাদকাসক্তি ও মানসিক
রোগীদের সর্বাধুনিক চিকিৎসা এখন বরিশালে
দি নিউ লাইফ
মহিলা রোগীদের জন্য পৃথক ওয়ার্ড
যোগাযোগ: ১নং সিএন্ডবি পুল (কাজীপাড়া সংলগ্ন), বরিশাল।
০১৭১৩-৯৫০৯৪১
০১৭১৩-১৬৯৮২৮

অধ্যাপক ডাঃ সৈয়দ জাহিদ হোসেন
এম.বি.বি.এস; এফ.সি.পি.এস. ফেলো ডব্লিউ. এইচ.ও (অস্ট্রেলিয়া)
অধ্যক্ষ ও অধ্যাপক (বিভাগীয় প্রধান), শিশু বিভাগ (এক্স)
শের-ই-বাংলা মেডিকেল কলেজ ও হাসপাতাল, বরিশাল।
নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ
চেম্বার: এ্যাপোলো ডায়াগনস্টিক কমপ্লেক্স, শের-ই-বাংলা মেডিকেল কলেজ এর সামনে বাঁধ রোড, বরিশাল।
রোগী দেখার সময়: প্রতিদিন সকাল ১০টা থেকে দুপুর ২টা
সিরিয়ালের জন্য: ০১৭১৪-০৬৭৮৮৬, ০১৭০৬-৩৫৪৯৭৫
চেম্বার: মেডিনোভা মেডিকেল সার্ভিসেস লিঃ কে.বি হেমায়েত উদ্দিন রোড (গির্জামহল্লা), বরিশাল।
রোগী দেখার সময়: প্রতিদিন বিকাল ৪টা থেকে রাত ১০টা
সিরিয়ালের জন্য: ০১৭৫২-১৩৪৪৩৮, ০১৭১১-২৪০৯৬৯
বাসা: বসুন্ধরা হাউজিং, রূপাতলী, বরিশাল

বিসমিল্লাহির রাহমানির রাহিম

কম্পিউটারের সবকিছুই আপনার নাগালে
ঈশিতা কম্পিউটার
All Kinds Of Computer Solution.
Accessories Selling, Training
& Digital Photography
উপজেলা রোড, আগৈলঝাড়া, বরিশাল। মোবাইল: ০১৭১৫২১৩৫৪৬

প্রধান সম্পাদক: মো: ফিরোজ আহম্মেদ মোল্লা, ভারপ্রাপ্ত সম্পাদক: মিতা মোস্তফা, সহযোগী সম্পাদক: আল হাফিজ, নির্বাহী সম্পাদক: এম জামান, প্রকাশক: কাজী মিরাজ মাহমুদ কর্তৃক মায়ের দোয়া অফসেট প্রিন্টিং প্রেস, হাসপাতাল রোড, বরিশাল থেকে মুদ্রিত ও বার্তা কার্যালয় ঃ সৌরভ লজ, গোড়াচাঁদ দাস রোড, বরিশাল-৮২০০। মোবাঃ ০১৭১২-৯২৬৮৩৬, E-Mail: dailykirtonkhola@gmail.com